9. This conference puts on record its concern over the establishment of the Universities in the private sector and resents any move, which leads to gross commercialization of education in general and in higher education in particular.
10. This conference strongly resents the move to close down a number of public

sector undertakings and to reduce number of existing posts in different Central Government Department and public sector units, which with aggravate the enormous problem of unemployment in the country.

11. This conference view with concern the move of fundamental elements to disturb the secular character of our education system and calls upon the secular minded people of our country to put up strong resistance against such misguided activities.

Academic

12. Resolved that in the interest of improving academic excellence of all Government Colleges, a State University comprising the Government Colleges is to be set up immediately.
13. The vacant posts of different categories existing in different Government Colleges including Technological, Training and Art & Craft be filled up immediately.
14. Resolved that the Government be urged to provide immediately adequate teaching and non-teaching posts and infrastuctural facilities for the departments where RG and new courses have been introduced.
15. (a) Resolved that the Librarians be placed in WBES cadre to protect their dignity as academic staff.

    (b) Resolved that all Government College Libraries be modernized with computers, Internet, on-line cataloguing and circulation system facilities and inter-library exchange of books be introduced in the Government Colleges.

    (c) In view of the necessity of preservation of library materials in Government Colleges it is resolved that the Government be urged to constitute a committee for the preservation of books and manuscripts in consultation with the Association. It is also resolved that the Government be urged to make necessary fund be made available to maintain and preserve the above-mentioned documents.
16. This conference opposes the move to grant autonomy to any Government College.
17. Resolved that each teacher should be allowed to attend at least one conference/ seminar in the relevant field within India per year and one International conference outside India in four years with Government assistance. A committee may be formed comprising the DPI/DTE and Education Secretary to consider different applications for attending such courses.

Service Conditions

18. Resolved that the Government should take immediate steps to implement the provisions of the UGC circular No. 1-22/97 U1 dt. 6.11.98 and the State

Government No. 282 Edn, (A) dt. 7.9.99 regarding the career advancement of the Readers to the post of Professors following the existing norms of career advancement of different categories of teachers. Also resolved that for Assistant Professors (SG) and Readers, third promotion be assured after 8 years based on satisfactory service.

19. Resolved that in conformity with HRD ministry of Government of India Order of 27.7.98, the superannuating age of Government College Teachers be fixed at 62 years.

20. Resolved further that the Government be urged to remove the anomalies existing in the matter of re-employment and superannuating benefit between teachers of Universities and Government College Teachers.

21 (a) Resolved that the Government be urged to issue appropriate G.O so that the teachers of all Government Colleges who are stagnating at the end of their Pay Scale may immediately get the benefit of stagnation increment in accordance with other constituent services.

(b) Further resolved that the benefit of fixation as Rs. 14940/ be extended to those teachers who were promoted/ placed to the post of Reader/ Assistant Professor (SG) after 01.01.96 so that they may get the benefit of "next below" rule in respect of these junior colleagues.

(c) Resolved that the benefit of two increments in the scale be given to those teachers who joined the service prior to 1st January, 1996 with Ph.D degree and not enjoyed any increment benefit for the same.

(d) Resolved that Officer-in Charge in different shifts be granted special allowances as it involves additional administrative works apart from academic assignments.

22. (a) Resolved that in the matter of career advancement of lecturers of Government Art College, the service as Assistant Lecturers be counted as qualifying service for the purpose.

(b) Resolved that for the Government Art College the Government Grant Head to be from changed from 225 Art & Culture to 220 (Education).

23. Resolved that the benefits of pay protection and pension (past service count) be extended to those teachers who join WBES after serving Non-Government Colleges and Schools as it has been extended to University and Non-Government College teachers.

24. Resolved that the transfer orders issued be implemented immidiately for the interest of the affecting members.

25. Resolved that the Government be immediately urged to grant headship allowances to those who have been serving as the Heads of the Department and the Heads of the Departments be appointed on rotational basis for a period of two years from amongst the teachers of the institution for academic interest.

26. Resolved that the Government be urged to issue orders sanctioning earned leave to Government College teachers in pursuance of the recommendation of

the pay-commission as has been done in some other vacation departments e.g. Judicial Department. Resolved further that there should be parity in respect of holidays leave in all Government Colleges including the Technological and Engineering Colleges.

27. Resolved that all teachers including Librarians be granted study leave with full pay and other facilities for prosecuting higher study and research and necessary amendment to the existing Leave Rule made for the purpose.
28. Resolved that the Government be urged to replace the practice CCRIACR for teachers of Government Colleges by Open Performance Report and to abolish the system ACR/CCR for career advancement.
29. Resolved that the Government of West Bengal be urged upon to extend the benefit West Ben9al Service (Death-cum-Retirement benefit) Rules, 1971 to the West Bengal Government General Service Officers doing similar jobs of teaching in the under graduate and post-graduate students in technological colleges. The rule provides the concession to add the actual period not exceeding five years to the service of those state education service officers, whose age at recruitment exceeded 25 years.
30. Resolved that the total service period now required for full pension benefit of Government servants be reduced proportionately to the period of relaxation granted for entry into Government services.
31. The 36th Annual Conference of WBGCTA resolves that the Executive Committee and the General Council be authorized to draw up appropriate and time bound programme for the realization of the pending academic and professional demands of the Association as reflected in the resolutions accepted in the conference.

AIFUCTO AND OUR TASKS

ASOK BARMAN

GEN SECRETARY, AIFUCTO

I convey my warmest greetings to the 36th Annual Conference of the West Bengal Government College Teachers' Association and wish it all success. I do hope the deliberations of the Conference would help its members as well as the AIFUCTO to serve the cause of education better.

AIFUCTO, representing more than 5 lacs of teachers in universities and colleges of India has a great tradition of teachers' solidarity and struggle. It is the organization which unified such a large number of teachers across the country. Our great leaders never compromised on democratic norms and the spirit of teachers' unity and had set lofty norms for democratic movements. We should remember the historic struggles organized by the leadership of AIFUCTO since its inception crowned with great achievements. We inherit such great legacy and the present situation demands that we all work together unitedly to enhance the glory of AIFUCTO.

The AIFUCTO now faces lots of challenges. Let us try to enumerate some of them, rather briefly. On this occasion of the conference of the West Bengal Government College Teachers' Association, I would like to share some of my thoughts with my colleagues and friends attending the conference As a!l of you know the immediate agenda is ongoing process of revision of pay scales and service conditions. We have to safeguard the interest of the teachers completely .We are not happy that UGC took unnecessary long time to appoint the Pay Review Committee. However, once the committee is appointed we welcomed the announcement and assured UGC of our assistance and advice as when necessary. We have some unpleasant experience in the past when UGC came out with objectionable recommendations that would not have augured well for the cause of the teachers and the taught. We had a meeting with the Pay Review committee. The meeting was cordial and we feel satisfied that the committee declared that they would depend on AIFUCTO for necessary work on this issue. We have pointed out certain negative aspects of the present scenario of higher education policies of the government and demanded redressai of the same.

The two questionnaires, one for the universities and the other for the colleges were discussed and the suggestions of AIFUCTO were accepted by the Chadha Committee. The AIFUCTO delegation pointed out the lack of parity between the pay and other benefits of Class I Central services and the teachers and the consequent difficulties in attracting and retaining talents in the field of academics.

The AIFUCTO is deeply concerned with some very vital issues which have been engaging our attention for quite some time. The issues include, among others:

(a) The challenges posed by the neo-liberal policies with respect to the weakening of public-funded education system,

(b) The emergence of large number of self-financing institutions including Colleges, Deemed Universities and Private Universities.

(c) The plight of a very large number of part-tme, guest and contractual teachers thereby creating non-homogeneous teacher cadres.

(d) Attacks on R&D sector by the multinational forces trying to squeeze the knowledge base of the developing countries like India.

There has been a steady withdrawal of public funds from the higher education in India since nineties coupled with privatization and commercialization. It is extremely deplorable that as a proportion of total government expenditure, the share of higher education has declined from 1.6 per cent in 1990-91 to 1.2 per cent in 2003-04. In the year 2005, only about 0.4 per cent of the GNP is currently being spent on higher education. There is little doubt that all these have had telling effect on the quantity and quality of higher education in India. This is bound to affect the future development of India. The AIFUCTO pledges to put up strong resistance to such moves and calls upon the teaching community to play a historic role in the battle.

As a direct and unavoidable impact of the gradual withdrawal policy there has been unprecedented growth of the self financing sector. This has extremely harmful effect on the society.Thus, financial capabilities rather than merit is increasingly becoming the factor determining the access. It is the task of AIFUCTO and all its affiliates to fight against such negative developments.Inaddition to this, the increasing magnitude of profiteering activities have created great danger to the cause of education. We are to remain vigilant and spare no pains to oppose and expose these trends.

We have now a very large number of teachers bearing various names: part-timers, guest-facultes, contractual teachers and so and so forth. They are ill-paid, often hired and fired and have no permanent status. Very little has been done to ameliorate the plight of such teachers, number of whom is increasing at a very high rate. It is the duty of AIFUCTO and its affiliates to ensure justice to each one of them.

A major role of education is to participate in R & D to help the growth process of the economy. In a developing country like India a sustained growth of these activities can never be over ephasized.But, we are experiencing growing attack on these activities and to subvert them. We must keep a vigil and fight relentlessly to counter such moves. The widening of knowledge base is a major tool for development. The policies of multinationals designed against this should be countered by all possible means. Long live teachers' unity !

শিল্পায়নে শিক্ষার ভূমিকা

অধ্যপক মৃন্ময় ভট্টাচার্য্য

উপদেষ্টা, বিশ্ব শিক্ষক মহাসংঘ

গত শতাব্দীর শেষ দশক থেকে ভারতীয় অর্থনীতির বিকাশের ধারাতে একটি লক্ষণীয় পরিবর্তন পরিলক্ষিত হচ্ছে। কিংবদন্তী, হিন্দু উন্নয়নের হার পরিত্যাগ করে অর্থনৈতিক বিকাশের ধারা শতকরা ৮/৯ এর কাছাকাছি থাকছে। যোজনা কমিশনের কর্তাব্যক্তিরা আলোচনা শুরু করেছেন কি ভাবে একে শতকরা ১০% এ উন্নীত করা যায়। ভারতের বৈদেশিক মুদ্রা সঞ্চয় লক্ষণীয় ভাবে বেড়েছে। ইতিবাচকভাবেই পৃথিবীর দুই জনবহুলতম দেশ চীন ও ভারতকে এক সারিতে বসিয়ে তুলনামূলক আলোচনা করা হচ্ছে। মূল উৎপাদনের ভিত্তিতে ভারতীয় অর্থনীতির উৎপাদন এক ট্রিলিয়ন ডলার অতিক্রম করেছে এবং ভারতীয় অর্থনীতির আয়তনে পৃথিবীর ৫ টি বৃহত্তম দেশের মধ্যে পরিগণিত হয়েছে। বিশ্বের সর্ববৃহৎ বিনিয়োগকারীরা এবং বহুজাতিক সংস্থাগুলো ভারতে বিনিয়োগে উৎসাহ প্রদর্শন করছে।

কিন্তু এরই পাশাপাশি এই স্তরে পুঁজিবাদীবিকাশের ধারায় মারাত্মক ক্ষতিকর দিকগুলো বিশেষভাবে পরিস্ফুট হয়ে উঠেছে। কৃষির উন্নতি হারে প্রায় কোনও পরিবর্তন হয় নি, এবং বাণিজ্য নির্ভরতা কৃষককে অতিরিক্ত ঋণগ্রস্ত করেছে যার ফলশ্রুতি হল ভারতে তথাকথিত উন্নত রাজ্যগুলোতে ক্রমবর্ধমান আত্মহত্যার সরণি। অতিরিক্ত উৎপাদন, নয়া কৃৎকৌশল, রাসায়নিক সার, যা ছিল সবুজ বিপ্লবের চিহ্ন, পাঞ্জাব, মহারাষ্ট্র, অন্ধ্রপ্রদেশ প্রভৃতি রাজ্যে এগুলোর ফলেই সম্পন্ন কৃষকরাও দেউলিয়া হতে চলেছে। শিক্ষা, বিশেষত প্রাথমিক ও বুনিয়াদী শিক্ষার অভাবে নিরক্ষর ভারতীয়ের সংখ্যা এখনো পৃথিবীর মধ্যে সর্বাপেক্ষা বেশী। জলসংকট, যা বিশ্বজোড়া উষ্ণায়ন প্রক্রিয়ায় বহুদেশকেই প্রভাবিত করেছে তা ইতিমধ্যেই ভারতের অন্যতম কঠিনতম সমস্যা হিসেবে দেখা দিয়েছে। শিক্ষিত অশিক্ষিত উভয় ধরণের বেকারত্ব তরুণদের সামনে গভীরতম চ্যালেঞ্জ হিসেবে দেখা দিয়েছে। কর্মহীন উন্নয়নে বিপজ্জনক কৌশল সমাজের দুর্বলতম অংশ নারী, শিশু, তপশীলি উপজাতি ও জাতির মানুষকে গভীর সংকটের দিকে ঠেলে দিয়েছে। সমাজ ও অর্থনীতির বিকাশে সহাবস্থানকারী বৈপরীত্য বর্তমান উন্নয়ন ধারার মূল বৈশিষ্ট্য।

এদিকে লক্ষ্য রেখেই দেখা যার শিক্ষা ব্যবস্থার বিদ্যমান অবস্থা এবং সেই সঙ্গে বিচার্য হল শিক্ষার কাম্য পরিবর্তনের মধ্যেমে অর্থনীতিতে কোন ইতিবাচক পরিবর্তন ঘটানো সম্ভব কিনা। ১৯৯০ সালে জম্পতিয়েনে অনুষ্ঠিত "সবার জন্য শিক্ষা" আন্তর্জাতিক সম্মেলনের পর থেকে নিরক্ষরতা দূরীকরণ এবং প্রাথমিক শিক্ষা বিকাশে বিশেষ গুরুত্ব দেওয়া হয়। স্বাক্ষরতা মিশনের মাধ্যমে এবং বর্তমানে সর্বশিক্ষা অভিযানের দ্বারা এই প্রক্রিয়া চালু রাখা হয়েছে। সংযুক্ত প্রগতিশীল মৈত্রী সরকার সর্বপ্রথম সরকারী করের ওপর শিক্ষার সেস বসিয়ে প্রাথমিক ও বুনিয়াদী শিক্ষার জন্য অর্থ সংগ্রহ করছে। ভারতীয় সংবিধান সংশোধন করে ছয় থেকে চোদ্দ বছর বয়সের শিশুদের জন্য অবৈতনিক শিক্ষা বাধ্যতামূলক করা হয়েছে। শিক্ষার বিভিন্ন স্তরে বিশেষতঃ উচ্চশিক্ষা ও কারিগরী শিক্ষায় বেসরকারী উদ্যোগকে প্রসারিত করা হয়েছে। কৃৎকৌশলগত এবং বিভিন্ন ধরনের সেবামূলক বৃত্তির নূতন নূতন শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হচ্ছে। এই নূতন বিষয়গুলোই বাজারের সূত্র মেনে ব্যবসায়িক শিক্ষা হিসেবে আত্মপ্রকাশ করেছে। বৈদেশিক মুদ্রা সঞ্চয়ের স্বাচ্ছল্যের ফলে দেশের স্বচ্ছল ও ধনিকশ্রেণীর সন্তানরা বেশী বেশী সংখ্যায় বিদেশে পাড়ি দিচ্ছে আরো ভালো শিক্ষার খোঁজে। দেশের এবং বিদেশের বিত্তবান শ্রেণীর সন্তানদের জন্য উচ্চকোটির ব্যয়বহুল নূতন নূতন শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছে দেশের বিভিন্ন প্রান্তে। বিশ্বায়ন প্রক্রিয়ায় কার্যকারীতার জন্য এসব প্রতিষ্ঠানে শিক্ষার মধ্যম মাতৃভাষার পরিবর্তে ইংরেজী গৃহীত হয়েছে। সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানগুলিতেও ইংরাজী শিক্ষার ওপর অত্যধিক গুরুত্ব দেওয়া হচ্ছে। মধ্যবিত্ত

এমনকি নিম্নবিত্ত মানুষও তার সন্তানদের ইংরাজী মাধ্যমের নিম্নমানের প্রতিষ্ঠানে বহু অর্থ ব্যয় করে ভর্ত্তি করছে। শিক্ষক ও শিক্ষাকর্মীদের কাজের পরিবেশ ও শর্তগুলো এই বিশ্বায়ন ও বেসরকারীকরণের ধাক্কায় ক্রমশঃ প্রতিকূল করা হচ্ছে। শিক্ষকতার বৃত্তি যা কল্যানমূলক রাষ্ট্র কাঠামোতে নিরাপদ ও সমগ্র কর্মজীবনের জন্য ধার্য হয়েছিলো তা নিরাপত্তাহীন ও চুক্তিভিত্তিক সময়ের জন্য নির্দিষ্ট হয়েছে।

শিক্ষার বহুমুখীন লক্ষ্যগুলির অন্যতম হল উৎপাদনশীলতা ও উপযুক্ত দক্ষতা সৃষ্টি করা যাতে শিক্ষান্তে শিক্ষার্থীরা অর্থনীতিতে তার স্থান খুঁজে পায়। আধুনিক শিল্প ক্রমশঃ বেশী বেশী করে জ্ঞানভিত্তিক রূপ ধারণ করার জন্য এখানকার প্রয়োজনীয় শ্রমিকদের আগে থাকতেই শিক্ষা ও প্রশিক্ষণে সংশ্লিষ্ট দক্ষতা লাভ করতে হয়। অতীতে অনেক শিল্পই সাধারণ শিক্ষাপ্রাপ্ত তরুণতরুণীকে শিক্ষানবীশরূপে গ্রহণ করত এবং তারপর নিজেদের প্রয়োজনীয় প্রশিক্ষণ দেবার ব্যবস্থঅ করত। আমাদের দেশসহ বিভিন্ন দেশে নির্দিষ্ট সংখ্যায় শিক্ষিত শিক্ষানবীশ নিয়োগ আইন করে বাধ্যতামূলক করা হয়েছিলো। এই ব্যবস্থা সম্পূর্ণভাবে পরিত্যক্ত না হলেও এর পরিবর্তন হয়েছে। সামগ্রিক ব্যক্তিত্বের বিকাশ এবং মানবিক গুণগুলির প্রসার সহ আধুনিক গণতান্ত্রিক সমাজের নাগরিকত্বের সঙ্গে সুসমঞ্জস শিক্ষার উদ্দেশ্য নানাভাবে ব্যাহত করা হচ্ছে। সংকীর্ণ উৎপাদনশীলতা এবং বৃত্তিমুখীন শিক্ষা যা কার্যতঃ শিক্ষা না হয়ে প্রশিক্ষণের পর্যায়েই পড়ে সেদিকেই জোর দেওয়া হচ্ছে। জ্ঞানের বিভিন্ন ধারাকে, উৎপাদনমূলক নয় এই ভিত্তিতে বহুক্ষেত্রে শিক্ষাক্রম থেকে বাদ দেওয়াও হচ্ছে। ভারতের যুক্তরাষ্ট্রীয় কাঠামোতে শিক্ষার মুল দায়িত্ব রাজ্যসরকারের। দুদশক আগে তামিলনাড়ু সরকার ভাষা ও অর্থনীতিসহ সমাজবিজ্ঞানের বিভিন্ন বিষয়গুলিকে এরকম চুক্তিতে বাদ দেবার নির্দেশ দিয়েছিলো। মানবিক বিদ্যা এবং সমাজবিজ্ঞানের চর্চা শিক্ষিত সংস্কৃতিসম্পন্ন গণতন্ত্রের নাগরিকদের পক্ষে যে অপরিহার্য সেকথা অনেক সময়েই অদূরদর্শী ক্ষমতাসীন রাজনীতিকরা বুঝতে পারেন না।

মাধ্যমিক শিক্ষার পরে যখন শিক্ষার্থীরা উচ্চতর শিক্ষার জন্য বিভিন্ন ধারা বেছে নেয় সে সময় অর্থনীতিতে চাহিদা অনুযায়ী বিভিন্ন বৃত্তির দিকে নজর রেখেই বিষয় নির্বাচন করতে হয়। আমাদের দেশে এখনো উচ্চশিক্ষার ক্ষেত্রে কলা, বাণিজ্য ও সাধারণ বিজ্ঞানের বাহুল্য লক্ষিত হয়। বৃত্তিমূলক শিক্ষা চিকিৎসা, ইঞ্জিনিয়ারিং ও আধুনিক প্রযুক্তির বিভিন্ন ধারায় শিক্ষা প্রতিষ্ঠান তুলনামূলকভাবে অপ্রতুল। এর প্রধান কারণ যে বৃত্তিমূলক শিক্ষায় প্রয়োজনীয় বিনিয়োগ অনেক বেশী। সম্প্রতি বেসরকারী উদ্যোগের ফলে এই ধারাগুলির বিকাশ ত্বরান্বিত হয়েএছ। কর্ণাটক, অন্ধ্র, তামিলনাড়ু প্রভৃতি রাজ্যে বহুসংখ্যক এ ধরনের প্রতিষ্ঠান বেসরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত হয়েছে. মূলতঃ মুনাফার উদ্দেশ্যে এই সব প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হওয়াতে বিপুল পরিমাণ কালো টাকার লেনদেন চলেছে অবাধে। এই অব্যবস্থার পরিপ্রেক্ষিতে সুপ্রিমকোর্ট সহ বিভিন্ন স্তরের বিচারালয় এবং প্রশাসনের কর্তা ব্যক্তিরা নানারকম আইন-কানুন প্রণয়ন করে অবস্থা সামলানোর চেষ্টা করছে। দেরীতে হলেও আমাদের রাজ্যে একই প্রক্রিয়া শুরু হয়েছে। তবে এর অভিন্ন ফল হল সাধারণ ধারায় ছাত্র ভর্ত্তি কমে যাচ্ছে। অতীতে স্নাতকস্তরে বাণিজ্যবিভাগে বেশ চাহিদা ছিল। ইদানিং দেখা যাচ্ছে এর চাহিদা ক্রমহ্রাসমান।

যে কোন দেশের অর্থনীতির বিকাশের ফলে প্রথম স্তরে কৃষি সহ প্রকৃতিলব্ধ পণ্যসংগ্রহ এবং এর ওপরে ভিত্তি করে যে শিল্প সেগুলি গুরুত্ব পায়। পরবর্তী স্তরে শিল্প দ্রুত বিকশিত হয়, এবং আথির্ক উন্নতির তৃতীয় স্তরে শিক্ষাসহ বিভিন্ন ধরনের সেবা গুরুত্ব লাভ করে। ভারতের আর্থিক বিকাশেও একই পরিবর্তন লক্ষিত হচ্ছে। ভারতের জাতীয় উৎপাদনে সেবাক্ষেত্রে গুরুত্ব লক্ষণীয়ভাবে বেড়ে চলেছে। বিশ্বায়নের যুগে আরও একটি বিষয় গুরুত্বপূর্ণ। তথ্য ও যোগাযোগ ক্ষেত্রে অতি দ্রুত বিকাশের ফলে অনেক ধরনের কাজ সহজেই স্থানান্তর করা যাচ্ছে। আর একদিকে স্বাস্থ্য পরিষেবার নাটকীয় উন্নতির ফলে উন্নত দেশগুলোতে মানুষের গড় আয়ু বেড়ে চলেছে। এর ফল হল জনসংখ্যায় প্রবীণদের আধিক্য। কর্মক্ষম মানুষের আনুপাতিক অভাবে এই দেশগুলতে কাজের লোকের অভাব দেখা দিচ্ছে। এই

"প্রবীণ জনসংখ্যা" যার অর্থ হল জনগণের মধ্যে প্রবীণদের অনুপাতের বৃদ্ধি উন্নত দেশগুলির জনবিকাশের সাধারণ বৈশিষ্ট্য হিসেবে দেখা দিয়েছে। কঠোর জন্মনিয়ন্ত্রণের ফলে পৃথিবীর সর্বাধিক জনবহুল দেশ চীনেও ঘটছে একই প্রবীণ জনগোষ্ঠীর সমস্যা। আমাদের দেশ এদিকে সৌভাগ্যশালী। জনসংখ্যা বৃদ্ধির পরিচিত সমস্যার সঙ্গে সঙ্গে গুরুত্বপূর্ণ একটি লাভের দিকই দেখা দিয়েছে। যা হোল জনসংখ্যার তারুণ্য। এর ফলেই উন্নত দেশগুলো থেকে বিভিন্ন ধরনের কাজ ভারতের মতো তরুণ দেশগুলোতে আসছে। স্বাভাবিকভাবেই কম মজুরী হল উদ্যোক্তাদের প্রধান আকর্ষণ। আমেরিকা বা ইউরোপে যে কাজ করাতে খরচ হয় দশ হাজার ডলার সেই কাজই আমাদের দেশে দু'হাজার ডলারে অনায়াসে করানো সম্ভব। ঐসব দেশের কাজ রপ্তানির বিরুদ্ধে শ্রমিক সংগঠন বা রাজনীতিকরা সোচ্চার হচ্ছেন। কোথাও কোথাও এই প্রক্রিয়া ঠেকানোর জন্য আইন পাশ হচ্ছে। কিন্তু বাজারের শক্তিকে এসব ব্যবস্থায় হারানো যায় না অর্থাৎ ভবিষ্যতে এই প্রক্রিয়া অপ্রতিরোধ্য। কিন্তু উন্নত দেশগুলির এই 'কাজচুরি'তে উন্নয়নশীল দেশগুলির মধ্যে প্রতিযোগিতা আছে। এই ক্ষেত্রে ভারতের সুবিধে হল ভাষা বিশেষতঃ ইংরেজীর দক্ষতা। তাছাড়া কম্পিউটারে কাজ করায় ব্যুৎপত্তি। এই সুবিধাগুলো সবটাই শিক্ষা-নির্ভর। অর্থাৎ এই সুযোগকে নিশ্চিত করতে হলে প্রয়োজন উপযোগী শিক্ষা।

পুঁজিবাদী বিশ্বায়ন প্রক্রিয়া চলছে অবিশ্রান্ত গতিতে। এর নেতিবাচক প্রভাবে বৃদ্ধি ও উন্নয়নের সাথে সাথে অবিরাম গতিতে চলেছে বৈষম্য ও বঞ্চনা। কেবল উন্নয়নশীল দেশগুলো নয়, উন্নত ধনী দেশগুলিও এর নেতিবাচক প্রভাব থেকে মুক্ত নয়। তাই দেখা যাচ্ছে ফ্রান্সের নবনির্বাচিত রাষ্ট্রনেতা সার্কোজী প্রখ্যাত অর্থনীতিবিদ অমর্ত্য সেন এবং ষ্টিগ্‌লিৎজকে আমন্ত্রণ করেছেন সমাজের দুর্বলতম মানুষদের কিভাবে রক্ষা করা যায় পুঁজিবাদী বিশ্বায়নের নেতিবাচক প্রভাব থেকে সেই পরামর্শ দেবার জন্য। উল্লেখ করা প্রয়োজন যে শুধুমাত্র শিক্ষা নয়, প্রয়োজন উপযুক্ত রাষ্ট্রীয় হস্তক্ষেপ। এই রাষ্ট্রীয় হস্তক্ষেপের অন্যতম গুরুত্বপূর্ণ দিক হল উপযুক্ত শিক্ষা দিয়ে সমাজের দুর্বলতর শ্রেণীগুলির ক্ষমতায়ন।

শিক্ষা ও শ্রেণীসম্পর্ক

অর্পিতা ভট্টাচার্য্য

ভারতবর্ষ তথা প্রাচ্য সামন্ত সমাজে রাজা জমিদারদের অনুগ্রহে, সাধারণ মানুষের দান খয়রাতে দরিদ্র শিক্ষকদের ভরণপোষণ করা হত। তারাও খুব নিম্নমানের জীবনধারণ মেনে নিয়ে এ দায়িত্ব বহন করত। এবং এ পেশা উত্তরাধিকার সূত্রে বাহিত হয়ে চলত। বিদ্যার জন্য আমাদের দেশে কথাই ছিল "যতই করিবে দান তত যাবে বেড়ে।" ইওরোপীয় পর্যটকেরা মধ্যযুগের ক্ষেত্রে যে অভিজ্ঞতা জানান তাতেও শিক্ষকরা দরিদ্র। কবিকঙ্কণ মুকুন্দের চণ্ডীমঙ্গলে ছেঁড়া ধুতি পরিহিত ভাঁড়ুদত্ত। অর্থাৎ যুগযুগ ধরে সামন্ত সমাজের সংস্কৃতির ধারক বাহক যারা তারাই বঞ্চিত, অনশনক্লিষ্ট। তাদের জন্য একটি নীতি ছিল বিদ্যাদানের বিনিময়ে অর্থ নেওয়া যাবে না। তাদের বরাতে শ্রদ্ধা এবং ভক্তি। অভাবেই গুরু-শিষ্য সম্পর্ক চলছিল।

এরপর এল বুর্জোয়া সমাজ। সেখানে মানুষের যে সব বৃত্তিকে সম্মান করা হত তারা সে সব বৃত্তির মাহাত্ম্য নষ্ট করেছে। তারা এদের মাইনে করা ভৃত্যের পর্যায়ে নামিয়ে এনেছিল। সব বিষয়ের মত শিক্ষাকেও লাভের নিক্তিতে মাপা হতে লাগল। আধুনিক ধনতান্ত্রিক সমাজে ঐ বুর্জোয়া নিক্তির বিচারে শিক্ষা ব্যবস্থা রয়েছে। তবে সামন্ত যুগের সঙ্গে তফাত এই যে সামন্ত যুগে জ্ঞানচর্চায় সব অচল অনড় সনাতনের পুনরাবৃত্তি চলছিল। বাইরের জ্ঞানের প্রবেশ নিষিদ্ধ ছিল। জ্ঞানকে চিরস্থায়ী ধরে নেওয়া হয়েছিল। কিন্তু পাশ্চাত্যে বুর্জোয়া সমাজে পরীক্ষা-নিরীক্ষা গবেষণার ফলে গবেষণার ফলে জ্ঞানের নবনব ক্ষেত্র সৃষ্টি হতে লাগল। বুর্জোয়া শাসিত সমাজে পরিবর্তনশীলতার মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানের বৃদ্ধি হয়েছে। আবার ধনতান্ত্রিক সমাজের অবক্ষয়ের সঙ্গে সঙ্গে তার জ্ঞানার্জন ও অনুশীলনের গতিও সমাজতান্ত্রিক জগতের তুলনায় মন্থর হয়েছে।

উনবিংশ শতাব্দীতে ধনতান্ত্রিক রাষ্ট্রসমূহে শিক্ষার বিস্তার হয়। শিল্পে উৎপাদন বৃদ্ধির জন্য প্রতিযোগিতায় টিকে থাকার জন্য নিজের দেশের শ্রমিকদের উন্নত শ্রমের উপযোগী করে তৈরি করার জন্য শিক্ষাদানের প্রয়োজনীয়তার কথা ভেবে তারা জনশিক্ষার প্রাথমিক ধাপ গ্রহণ করে। এছাড়াও শ্রমিকশ্রেণীর মধ্যে বুর্জোয়া রাষ্ট্র ও সমাজ সম্বন্ধে যেরকম ধ্যানধারণা সৃষ্টি করলে বিপ্লবকে প্রতিহত করা যায় তারও ব্যবস্থা করেছে। যার ফলে মোহগ্রস্ত হচ্ছে ভারতবর্ষের মত তৃতীয় বিশ্বের উন্নয়নশীল দেশের যুবক যুবতীরা। শিক্ষায় পুঁজি খাটানো বুর্জোয়া অর্থনীতির প্রাথমিক শর্ত এবং তত্ত্ব। তারা মানুষকে জানিয়েছে শিক্ষার ফলে জ্ঞানালোকের সুখভোগ এবং প্রাপ্ত শিক্ষার ফলে উপার্জন। অবশ্য এতে নিজস্ব ব্যক্তিগত লাভ অপেক্ষা ধনতন্ত্রের কাঠামোর লাভ হয় বেশি।

উন্নয়নশীল দেশে শিক্ষায় পুঁজি খাটানোর লাভ বেশি। সুতরাং দেশের কেন্দ্রিয় সরকার Capital formation-র দিকে বেশি জোর দেয়। কিন্তু জীবনধারণের মান খুব নীচু বলে গোড়াতে পুঁজি গঠন সম্ভব হয় না। সেক্ষেত্রে শুধু শিক্ষা নয় উন্নয়নের সর্বক্ষেত্রে যে সমস্ত শিক্ষাব্যবস্থা আছে তাতে বাধা আসে। তবে যে পুঁজি নিয়োজিত হয় সে পুঁজিতে সমস্ত সমাজের লাভ হয়। অর্থাৎ উন্নয়নশীল দেশে পশ্চাৎপদ বলে বাছাবাছা শিল্পে পুঁজি নিয়োগ হয় তাতে মুনাফার আশা থাকে এবং শিল্পের জন্য শিক্ষিত শ্রমিক প্রয়োজন। সুতরাং তাকে শিক্ষায় পুঁজি নিয়োগের কথা চিন্ত করতে হচ্ছে।

বিদেশী সাম্রাজ্যবাদী ও ধনতান্ত্রিক দেশসমূহ বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র গবেষণার জন্য, চাকরি দিয়ে উচ্চশিক্ষিত ব্যক্তিদের নিয়ে যাচ্ছে। তারা আর দেশে ফিরছে না। এই আপাতদৃষ্ট ঔদার্যের পিছনে যা কাজ করেছে, তা

হল I.M.F. দ্বারা উন্নয়নশীল দেশসমূহ শিক্ষার জন্য বহির্দেশীয় সাহায্য দানের মাধ্যমে শিক্ষিত বেকার তৈরী করা যা কিন্তু মার্কিন অর্থনীতিকেই পরিপুষ্টি দান করেছে। সে কারণে ১৯৬৫ সালে মার্কিন ইমিগ্রেশন অ্যাক্ট পাশ করা হয় এবং জাতি হিসেবে অগ্রাধিকার তুলে দিয়ে ট্যালেন্টকে অগ্রাধিকার দেওয়া হয়। সেই থেকে মার্কিন যুক্তরাষ্ট্র বিদেশের খরচায় গড়ে তোলা বিশেষজ্ঞদের বিমা মেহনত ও পুঁজিতে পেয়ে যাচ্ছে। ১৯৬৫তেই ঐ দেশের অভিজ্ঞ Engineer ছিল মাত্র ১০ ভাগ এবং বিদেশের ১৭ ভাগ। অর্থাৎ এ ধরনের রাষ্ট্র নিজদেশের মুনাফা বৃদ্ধি ও সারা দুনিয়ার সাম্রাজ্যবাদী শোষণ বৃদ্ধির জন্য বিশ্বজুড়ে সেচন করে অন্য দেশের তৈরি বিশেষজ্ঞদের নিয়ে যাচ্ছে। তারা 'যতই করিবে দান তত যাবে বেড়ে' তত্ত্বে বিশ্বাস করে না, তবে কী উপায়ে এবং ব্যবস্থায় পুঁজি খাটালে ধনস্ফীতি বৃদ্ধি পাবে এ তত্ত্বে তারা এতই আস্থাশীল যে জ্ঞানকেও তারা পণ্য হিসাবে ধরে নিল। এককালে আমেরিকা নিগ্রো ক্রীতদাস ক্রয় করে ও আমদানি করে তাদের অর্থনীতির প্রসার সফল করেছিল। আজকের এই আমদানি ব্যবস্থা কি দাস প্রথার নতুন সংস্করণ নয়?

ফিরে দেখা !

সুব্রত লাহিড়ী

সমিতির এক সহকর্মী বন্ধু বছরের প্রথম দিনেই ফোনাঘাত করে বললেন একটা লেখা দিন। সম্মেলনের স্মারকগ্রন্থে ছাপতে হবে। ঘাবড়ে গেলাম। সাবলীল বাংলা লিখতে জানিনা। তবু। চেষ্টামাত্র। সুযোগ যখন পেয়েছি কিঞ্চিৎ জ্যাঠামো করাই যেতে পারে।

ফ্ল্যাশ ব্যাক-১ ঃ সাদা বাংলায় পিছন ফিরে তাকান। যা বাব্বা বর্তমানে তো 'পিছন' শব্দ ব্যবহারে বড় আপত্তি। যাক্‌গে। মাতৃভাষা মাতৃদুগ্ধ। কিন্তু বর্তমানে যেদিকেই তাকাই মাতৃদুগ্ধ শুষ্ক প্রায়। দিনে আন্তর্জাতিক ভাষা। রেতে রাজভাষার দাপট। মিডিয়া অভিভাবকেরা তো মুখে সবে বুলি ফুটেছে এমন কচিকাচাদেরও লি'ল চ্যাম্প করার ইঁদুর দৌড়ে, রংচং মাখিয়ে সুস্বাদু চকোলেট করে নাচগানের আসরে পরিবেশন করছে। মা-বাবারাও গদগদ। সব টিভিরই এক রা। পোশাক, ভাষা, লম্ফঝম্ফ তো বাৎসায়নকেও হার মানায়। এসব শুনে এক সহকর্মী বললেন তোমার দৃষ্টি বড়ই নেতিবাচক। আরে বাবা দুনিয়া পাল্টাচ্ছে। পরিবর্তন মেনে নাও। এগুলো প্রগতির লক্ষণ। হবে হয়ত। এতো সোনার পাথরবাটি।

ইদানিং শব্দবাজির দাপট বেড়েছে। না না পটকা নয়। শব্দের বাজিকরদের কথা বলছি। চ্যানেলে মানবদরদী কিছু খবরওয়ালারা তাঁদের ডিকশনারি থেকে কয়েকটা শব্দ বাদ দিয়ে ফেলেছেন। হেজে গেছে। 'দখল' শব্দ আনশুনা করে ফেললেন। আসলে উপসর্গে তাঁদের মন মজেছে। তাই পুনঃ, সু ইত্যাদি যোগে কিছু শব্দ বাজারে ছেড়ে দাও। তাড়িয়ে দিয়েছিল। বাপের ভিটেয় ফিরছে মানুষ। হবে নি। তা হবে নি পুনর্দখল করতে এসেছে। দখল শব্দের আগে 'পুনঃ' আর শীল শব্দের আগে 'সু' যোগে গল্পের গরু গাছে ওঠানোর বাজারী প্রতিযোগিতা। ফাঁকে ফাঁকে বিজ্ঞাপন গুঁজে দাও। টি আর পি হাই। বিজ্ঞাপন গরু দুধ দিচ্ছে তাই কান ধরে যা বলাবে তাই বলতে হবে। পুনর্দখল তত্ত্ব যখন গাঁয়ের মানুষগুলো খারিজ করে দিল, তখন সুশীল তত্ত্ব কাজে লাগাও। সব সুশীল মহাবালক এবং মহাবালিকারা নববর্ণপরিচয় রচনা করে ফেললেন। কেউ কেউ আবার অভিনয়, ছবি আঁকা, গানবাজনা, ফিলিমের গুহা থেকে বেরিয়ে মাদারির খেল দেখাতে শুরু করলেন। সুশীল ভাষায় সুশীল বালকেরা 'গালামৃত' রচনা করছেন। ভাষার মাফিয়ারাজ। সংস্কৃতির মাফিয়ারাজ।

এগারো মাসেও কিছু হল না। তাহলে গণ একাদশী পালন করব। শকুনীর পাশা খেলতে ইদানিং আবার হাড়গোড় খুঁজে বেড়ানোর প্রতিযোগিতা চলছে। চ্যানেলগুলোও ইতিউতি হাড়গোড় খুঁজে বেড়াচ্ছে। যেন তেন প্রকারেণ তালগোল পাকাতে হবে। কেউ কেউ তো আবার সব সংখ্যা ভুলে কেবল ৩৫৫ আর ৩৫৬ মনে গেঁথে রেখেছে।

জনগণের সরকার সা থেকে সা-এ পৌঁছেছে। না অনেক দিন তো হল। জনগণ কেন যে বারবার এদের ভোটে জেতায়! তাই বেপাড়ার দাদা-দিদিদের ধরে নিয়ে আয়। একটু ধমকে দেবে। ওদিকে আসামে আদিবাসী, উড়িষ্যায় খ্রীস্টানদের মারছে, এনজিও দিদিদের ঘুম ভাঙছে না। এত অনশন করে ফেলছেন তাই চোখ বুজে পড়ে আছেন। তাছাড়া ওখানে তো আর বাম সরকার নেই। একটাই ব্রত। বাম ভাগাও। অনেকে মানত করে দাড়ি বাড়িয়ে ফেলছেন। নেতা-নেত্রী অনেকদিন কোমর কষছেন। এবারে তো আদার সঙ্গে খনিজ জলই পান করলেন।

কী? কৃষি আমাদের ভিত্তি ....। ভিতটা নাড়িয়ে দে। বাড়ি ভেঙে পড়বে। এগারো মাস ধরে চেষ্টা করলেন—নড়েও না চড়েও না। কেমন ভিত!

আরে বাবা এ কোন সিমেন্টের ভিত নয়। দৃঢ় সংকল্প দিয়ে গড়া ভিত। বিপ্লবী চেতনা দিয়ে গড়া ভিত। হিমালয় পাহাড়ের মত। সংগ্রামী আন্দোলনের ধারাবাহিক বিকাশের মাঝে গড়ে ওঠা ভিত।

শিল্প আমাদের ভবিষ্যত.....। বলে কি ভবিষ্যত, দাঁড়া ভবিষ্যতের বারোটা বাজিয়ে ছাড়ব। গাঁয়ের ছেলেমেয়েরা লেখাপড়া করছে। তাদের কর্মসংস্থান হবে! শহুরে লেখাপড়া জানা ছেলেমেয়েদেরও কর্মসংস্থান হবে! না না এতো হতে দেয়া যায় না। দাদা-দিদি গরজালেন, সব লণ্ডভণ্ড করে দেব। সরকার ইতিবাচক। হলেই হবে। সব ঘেঁটে দেব। নেতিবাচক হতে হবে। শিল্প গড়া চলবে না। চলবে না।

ইতি ভেঙে নেতি মুল্যবোধের ভাইরাস, সংস্কৃতি, ভাষা, সমাজ, সব জায়গায় ঢুকিয়ে দেব। বামফ্রন্ট অ্যান্টিভাইরাস এর কাজ করবে। অ্যান্টিভাইরাসের মধ্যে ভাইরাস ঢুকিয়ে দেনা। এমন টেকনোলজি নেই।

তাহলে?

তাহলে ওদের আশেপাশে পেঁয়াজের রস স্প্রে করে দে। কারো না কারো চোখে কুমিরের মত জল পড়বে। গাছেরও খাবে তলারও কুড়োবে। এক্কেবারে মাদারি কা খেল। চল পান্‌সি বেলঘরিয়া ধর্ণা-ভাঙ্চুর ..... অনশন ..... বন্‌ধ .... বাংলা অচল কিছুতেই কিছু হচ্ছে না।

এমন মানব জমিন রইল পতিত, আবাদ করলে ফলত সোনা গানটা কার লেখা রে! বেড়ে লিখেছে, মাইরি। চল ওটাকেই আবাদ করি। তাইলে রাইটার্সে ক্ষ্যামতা পেতে পারি।

নাঃ। হবে না। ওই মানব জমিন আবাদ করেই তো তিরিশ বছর ধরে বামেরা রাজত্ব করছে।

তাহলে মানব জমিন বরবাদ করে দে। এত বছর ধরে তাই তো করা হল। নিশিকান্তরা আসরটাই করল মাটি।

অতঃ কিম্।

ইতি-নেতির লড়াই চলবে। ইতিই জিতবে। নেতির সাড়ে বারো।

ফ্ল্যাশ ব্যাক ২ ঃ ইতি-নেতির দ্বন্দ্ব ফিরিয়ে নিয়ে গেল পঁয়ত্রিশ বছর আগে। ১৯৭২, মার্চ মাস। দার্জিলিং সরকারি কলেজে যোগ দিলাম। মনোরঞ্জন ঠাকুর সবার মনাদার সঙ্গে পরিচয়, ঘনিষ্ঠতা। তাঁর হাত ধরেই সমিতি করার হাতে খড়ি।

সরকারি আমলাদের শিক্ষক বিরোধী মনোভাবের বিরুদ্ধে সংগ্রামের জন্য সরকারি অফিসাররা (পরে শিক্ষক) সমিতি গঠন করেছিলেন। যদিও আমলাতন্ত্র এখনও শিক্ষক এবং শিক্ষা স্বার্থবিরোধী মনোভাব পোষণ করেন। পেরে ওঠেন না। কারণ জনগণের সরকারের কাছে বাধা পান।

১৯৭২-৭৭ শিক্ষাজগতের কালো দিনগুলিতে সবাই মিলে সুষ্ঠু শিক্ষাব্যবস্থা স্থাপনে লড়াই করেছে। ৭৭ সালে প্রথম বামফ্রন্ট শিক্ষকদের অধিকার আদায়ের আন্দোলনকে স্বীকৃতি দিয়েছিল। গণতান্ত্রিক আন্দোলন করার অধিকার পেয়েছিলাম।

মনাদার নেতৃত্বে দার্জিলিং-এ প্রথমবার তৎকালীন মুখ্যমন্ত্রী মাননীয় জ্যোতি বসুর সঙ্গে সমিতির দাবি নিয়ে দেখা করে অভিভূত হয়েছিলাম।

৭৮-এ বদলি হয়ে প্রেসিডেন্সি কলেজে এলাম। রোজ বিকেলে সমিতি যাওয়া, সমিতির কাজ করায় কেমন যেন অবর্ণনীয় তৃপ্তি পেতাম। আকর্ষণের কেন্দ্রে তখন সুখেন্দুদা, মানিকদা। ভেতরের তাগিদেই সমিতি যেতাম। যদিও প্রেসিডেন্সিতে বদলি হয়ে এসে সমিতি অফিসে না গেলেও কেউ কিছু বলত না। তবু এতো আমার সামিতিক দায়িত্ব এবং কর্তব্য। যদিও তখনো শিক্ষায় বেসরকারিকরণের থাবা আক্রমণ করেনি। শিক্ষক আন্দোলনের অংশীদার হয়ে পড়লাম।

মাঝে মাঝে মনের কোণে কিছু প্রশ্ন উঁকি মারত ঃ সমিতি কেন করব? পড়াব, মাস মাইনে নেব আর স্ত্রী-কন্যা নিয়ে সুখে ঘর সংসার করব। অর্থাৎ আত্মকেন্দ্রিক হয়ে পড়ব? শুধু সরকারি কলেজের কথাই ভাবব? সমিতিমনস্ক বন্ধুদের কাছে শিখলাম শিক্ষার উন্নয়নে এবং শিক্ষকদের অধিকার রক্ষার আন্দোলনের কথা ভাবতে হবে। ভ্রাতৃপ্রতিম শিক্ষক সংগঠনের সঙ্গে যৌথ আন্দোলনের অংশীদার হতে হবে। ইতিবাচক মূল্যবোধ গড়ে তুলতে হবে। শিক্ষা গণতন্ত্রীকরণের কাজও গুরুত্বপূর্ণ। তাই অন্তরের তাগিদেই নিয়মিত সমিতি যাওয়া।

মনে পড়ে এসপ্ল্যানেড ইস্টে চব্বিশ ঘণ্টা ধরণা। মাঝরাতে রেড রোডে মিহির দেববর্মণের শীর্ষাসন। টহলদার পুলিশ গাড়ীর আগমন। ফিরে যাওয়ার আবেদন। সকালে যশোদা মিষ্টান্ন ভাণ্ডারের গরম জিলিপি। সারারাত জেগে আবার বিকেলে সমিতি অফিসে আন্দোলনের পর্যালোচনা।

সমিতির ওপর দিয়ে অনেক ঝড় ঝাপটা গেছে। সমিতির নেতৃত্বের কোন কোন ব্যক্তির সঙ্গে আমলাদের মাখামাখি। শিক্ষকস্বার্থ বিরোধী কাজ। সংকটগ্রস্ত সমিতি। তার আগেই রাজনৈতিক কারণে সমিতি ভেঙে হাতে গোনা কিছু সদস্য সমিতিছুট হলেন। পরবর্তীতে সমিতি বাঁচাতে 'ফোরাম' গঠন। সাধারণ সদস্যদের বোঝানোর পালা চলল। অবশেষে নেতৃত্ব পরিবর্তন। যদিও সবার কাছেই সমিতিই ছিল গুরুত্বপূর্ণ।

বিশ্বায়নের হাত ধরে উদারীকরণ, ব্যক্তি মালিকানাধীন করার চেষ্টা অব্যাহত আছে। শিক্ষাও তার আওতায় চলে এল। শিক্ষাকে পণ্য করে তোলার প্রয়াস, বাণিজ্যিকিকরণ, প্রাইভেটাইজেশন, শিক্ষার সাম্প্রদায়িকীকরণ এবং গৈরিকীকরণের তীব্র প্রচেষ্টা। নানাভাবে শিক্ষার ওপর আক্রমণ নেমে এসেছে। সাম্রাজ্যবাদী শক্তিগুলির আধিপত্যবাদ চাপিয়ে দেওয়ার চেষ্টা। দেশ, সমাজ, সংস্কৃতি, অর্থনীতি, শিক্ষা সংকটগ্রস্ত হয়েছে। এখন পরমাণু চুক্তির বাহানায় মার্কিন সাম্রাজ্যবাদ আমাদের সার্বভৌমত্বের ওপর আক্রমণ শানাচ্ছে।

সমিতি সংকটের সময়ে ওয়েবকুটার সঙ্গে যৌথ আন্দোলন করেছে।

ইউ.জি.সি., এন. সি. টি. ই-র মত সংস্থাগুলি যখন শিক্ষার ওপরে আক্রমণ করেছে তখনই সমিতি ইতিবাচক আন্দোলন করেছে। আইফুকটোর নেতৃত্বে আমরা বারম্বার দিল্লী গিয়ে ধরণা বা প্রতিবাদে অংশগ্রহণ করেছি। দিল্লী বা আইফুকটোর সম্মেলনে যাওয়ার সময় ট্রেনে ওয়েবকুটার সদস্য বন্ধুরা সঙ্গী হতেন। ট্রেনে হৈ হৈ করে যেতে যেতে রাজনীতি, দেশের বর্তমান শিক্ষাব্যবস্থায় আমাদের ভূমিকা কী হওয়া উচিত, সংস্কৃতি, অর্থনীতি বিভিন্ন বিষয়ে আড্ডার ছলে তর্ক-বিতর্ক করতে করতে গন্তব্যস্থলে এগিয়েছি। হৈ হৈ আড্ডার মাঝে নিজেকে অন্যের আয়নায় দেখেছি। ভুলত্রুটি শুধরে নিয়েছি। তাই তো এখনও বারবার যাই। জীবনের ভাবনা চিন্তার পুনশ্চর্যা হয়। প্রাণভরে নিশ্বাস নিই। সর্বোপরি আইফুকটোর সর্বজনশ্রদ্ধেয় নেতা মৃন্ময়দার আন্তরিক শাসন। হিন্দী জানি বলে একটু বেশী গুরুত্ব পেতাম। গোয়ায় দেশের অন্যান্য সরকারি কলেজের সমস্যা নিয়ে দীর্ঘ আলোচনা হয়েছে। উড়িষ্যায় আলাদা কনভেনশনও হয়েছিল। খুবই খারাপ লাগে যখন দেখি কোন কোন রাজ্যে অবসরের বয়স ৫৫। কয়েকটি রাজ্যে ইউ. জি. সি বেতনক্রমই চালু হতে কয়েক বছর লেগে গেছে। অথচ পশ্চিমবঙ্গে ওয়েবকুটা এবং সরকারি কলেজ শিক্ষক সমিতির যৌথ প্রয়াসে বেতনক্রম ঘোষণার সঙ্গে সঙ্গেই কয়েকমাসের মধ্যে সরকারি আদেশনামা প্রকাশিত হয়েছে। বর্তমানে যৌথ আন্দোলনের ধারাবাহিকতা বজায় রাখা খুবই প্রয়োজন ; বিশেষতঃ যে সময় দেশে সাম্প্রদায়িকতা, ধর্মীয় মৌলবাদ শিক্ষাকে নিজস্বার্থে ব্যবহার করতে চাইছে।

যৌথ আন্দোলন ছাড়া শিক্ষা আন্দোলন সংগঠিত করা সম্ভব নয়।

শিক্ষায় গেল গেল রব মাঝে মাঝেই ওঠে। একটু আত্মসমালোচনা করা উচিত। 'টিচ্ ওয়েল টিচ্ রেগুলারলি' ডাক দেয়ার পরেও সামান্য কয়েকজন শিক্ষকের কর্মবিমুখতা শিক্ষক সমাজকে কালিমালিপ্ত করেছে। নিয়মিত ক্লাশ না

নেওয়া অধিকারের মধ্যে পড়ে না। আমাদের সমিতি সাহসী পদক্ষেপ নিয়েছে। সপ্তাহে পাঁচ দিন পাঁচ ঘণ্টা শিক্ষক বন্ধুরা সবাই মিলে এই ডাক সফল করার চেষ্টা করেছেন।

সরকারি কলেজগুলির মূল্যায়নে 'ওয়ান ম্যান কমিটি' গঠিত হয়েছিল। কমিটি প্রতিবেদন জমা দেওয়া সত্ত্বেও আমলাতান্ত্রিক খামখেয়ালিতে তা দিনের আলো দেখল না।

সরকারি কলেজগুলি নিয়ে 'স্টেট ইউনিভার্সিটি' গড়ে তোলার দাবি এখনও আছে। সরকারি কলেজের পরিকাঠামোর উন্নয়ন হচ্ছে। শিক্ষামন্ত্রক এবং বামফ্রন্ট সরকার সদর্থক পদক্ষেপ নিচ্ছে। অতিসম্প্রতি শিলিগুড়িতে সরকারি কলেজ স্থাপনের দাবি উঠেছে। এই দাবিই সমাজে সরকারি কলেজের গুরুত্ব প্রমাণিত করে।

যদিও বর্তমানে সামগ্রিক বৃত্তিগত সমস্যা অনেক কম। কিন্তু উচ্চশিক্ষার ওপর ক্রমাগত আক্রমণ শানানো হচ্ছে। তাই মনে হয় আমাদের আরও বেশি সক্রিয় হয়ে উঠতেই হবে। সমিতিই পারে আমাদের অস্তিত্ব রক্ষা করতে। কোন নেতিবাচক ভূমিকা আমাদের সংকটে ফেলবে। আগামী প্রজন্মের জন্য ইতিবাচক মূল্যবোধ গড়ে তোলা এবং বাঁচিয়ে রাখাই একমাত্র কাজ।

অবশেষেঃ জ্যাঠামো একটু বেশি হয়ে গেছে তো! কী করব বলুন। মাষ্টারি ছাড়তে পারলাম না।

Industrialization and Higher Education: In search of a harmonious correlation

GARGI NAG

Lecturer in History, Chandernagore Govt. College

Nowadays Industrialization is a buzzword in our state. The mode of state intervention has sparked off a new round of polemics as far as the dialogue in the public arena is concerned. However, in a sense it is a welcome development because people are also learning a lot about different points of view coming from many layers and nooks and corners of our society, thanks to the churning created by public debate. The present article is, one and at the same time, a reflective commitment to and therefore, a proneness to participate in the process by unfurling a harmonious correlation between industrialization and higher education through a constructive re-construction.

Generally when we talk of higher education precisely we tend to mean two things First, more knowledge, that is, knowing more about less, and second, knowing things better and deeper, which goes hand in hand with experiment and innovation. Again both are complementary. Hence the objective of class teaching at higher levels can never be the production of stereotyped ideas, rather aiding the students and nurturing the habit among researchers to think independently as far as possible. Herein we find the value of healthy debate, which is extremely enriching for any discipline and also for development discourse, both its understanding and practice in society at large. So, with more education we are likely to be greater equipped to see things through, view them clearly, optimally, and panoptically. The oft-inflated gap between theory and practice may be used to accord primacy to the practioner over the theoretician, but without theory there can't be any coherent and systematic progress. So, epistemologically we are indebted to higher education and intellectual thinking for their tremendous contribution in the preparation of the development road map of our society. That is to say, in the process of industrialization we may not have sufficient finance for which we have to depend on outside investors, but we are proud of our higher educational institutions playing significant role in providing the supply of skilled human resource continuously. It may, however, evoke skepticism because of the hidden class character of higher education despite the prevailing principle of the equality of opportunity and career open to all. As such, industrialization as the path to development may seem to many as a package tailor-made to absorb those who can afford for higher education.

Unfortunately such partial beliefs are often propagated and whipped up to create false propaganda against the present onrush towards industrial transformation in the state. It is high time we all must realize that today industrialization far from being rhetoric is people's most important development agenda. So, the goods and gains that it will deliver will be universal, collective, and inclusive of all. Keeping with it the need of the hour is to make higher education more accessible to those who are at the bottom line

of the societal hierarchy like the shadow under the lamp. Only then benefits of development could possibly be fairly shared and also its burdens. Seen thus development through industrialization is only possible when it is consistent with and accompanied by corresponding change in higher education, i.e. further broadening its social base without compromising its qualitative aspect. Easier said than done, but in West Bengal the state government's initiative based on democratic conferences at the local and community level to develop a consensual base, harnessing administrative support to ensure concerted synergy to set up new universities, modernizing Madrasha education, to speak a few, are indicative of the egalitarian zeal of its working to expand higher education for reaching out to the rural poor. All these pop up new hope despite the twin problems of unequal centre-state financial relations and the structural constraint of neo-liberal economic regime.

Secondly taking cue from the operation of the market one can also drive home the point that today what we need is harmonious synchronization between industrialization and higher education. Although market functions on the basis of demand and supply, hardly in practice both sides are in perfect equilibrium. Thus our common experience shows how it has become difficult for the graduates and post-graduates to get them employed today than before. The reason is much deeper than the usual alibi of tougher competition. In fact, hitherto the pace at which the institutions of higher learning have proliferated is higher than the growth of capitalist economy in the state. Hence bridging the hiatus is only possible when we will not merely stress upon higher education but more on industrialization and job creation simultaneously. So, in the circumstances, there is no way out but go in for industrial drive.

Finally a note of caution seems important in view of the fact that while industrialization is a must for economic boom and well-being of people, in the age of globalisation we should not naively take its outcomes granted, because indiscriminate large-scale mechanization may end up with undesirable fall outs if its ills and hidden social costs are not adequately gauged. For this we need proper monitoring. But simultaneously so far as development engineering is concerned, interdisciplinary help, as will be necessary from time to time, can be obtained from resource persons in higher education. It does not, however, mean that worth of higher education lies in its instrumental value, but such value at times can prove to be an immensely effective aid to plan the course of industrialization as a means to balanced, sustainable and holistic development in the transition phase of the state. For that reason industry-higher education interface seems simply inevitable.

যারা চলে গেছে অনেকদিন

অধ্যাপক বিশ্বনাথ বন্দ্যোপাধ্যায়

ইন্সটিটিউট অফ এডুকেশন (পি. জি.) ফর উইমেন, চন্দননগর

'প্রদীপ নিভিয়া যাক্ শুধু জেগে থাক তব আঁখি'
এইকথা ১৯২৫ সালে দ্বিতীয়বার যাকে বলেছিলাম, সে
চিঠি লেখা শিখেছিল। কথামালা পড়ার পর তার
বিয়ে হয়ে যায়। সেদিন জ্যোৎস্না ছিল, আমি আদালত যাইনি,
হাওয়া দিচ্ছিল। পোষা ময়নাপাখি সেদিনই মারা গেছে,
তার বয়স তখন যোলো, আমার বত্রিশ। আমি বলেছিলাম
'প্রদীপ নিভিয়া যাক্ শুধু জেগে থাক তব আঁখি'। আমি
চেয়েছিলাম এই সময়কে প্রাণপনে ধরে রাখি।
ডি. গুপ্তের কুইনাইন এর বিজ্ঞাপনে ভরা কলকাতায়
আমরা বেঁচে থাকতে চেয়েছিলাম চিরকাল। আমাদের তখন
সদ্য বিবাহ, সদ্য প্রেম, তার চোখ অপরূপ ছিল,
জবাকুসুম তেলের গন্ধে দুপুরে যে সূচিশিল্পে লিখেছিল
'প্রাণের দেবতা আমার'....

ধরে রাখতে পারিনি সময়, কোথায় যে গেল সেই জ্যোৎস্নারাত,
সেইসব হাওয়া ও রাত্রির গানের সায়গল।
দেওয়ালে আমারই ছবির ওপর আজ ধূলো, তার ওপর
দূর আকাশের গম্ভীর নীলাভ ছায়া !

সে ছবিতে নেই, সে আসলে ছবি তুলতে লজ্জা পেয়েছিল।

জলছবি

স্মৃতি রায়

ইন্সটিটিউট অফ এডুকেশন (পি. জি.) ফর উইমেন চন্দননগর

অস্ত যাবার আগে—
গোধূলির রঙে রাঙিয়ে দেবে আমার আকাশ,
বলেছিলে একদিন। সেইমতো ফ্যাকাসে জীবনটাকে
ঘুরিয়ে ফিরিয়ে দেখছি আবার।

রঙের নেশায় মত্ত কৃষ্ণচূড়া,
ক্রমশঃ আদিম সম্পর্কের গহীনে।
এই তো সেদিন ওরা জীবনের জলছবি
খুঁজতে পৌঁছে গিয়েছিল বাঘমুণ্ডি।
দাহ্য-স্মৃতি তার হাতড়ায় পাথরের খাঁজ।
মরা নদী ভরা হল এ কোন তীব্রতায় !
পানীয়ের গ্লাসে ছুঁড়ে ফেলা স্ফটিকখণ্ডের মত
নিশ্চলতার তল ছুঁয়ে
এ এক আশ্চর্য উড়ান।

উল্টে দেখি, পাল্টে গেছে সবটাই
স্বপ্নের রামধনু ছেয়ে আছে
ভুবনডাঙার মেঘলা আকাশ।

....
কঠিন অঙ্কগুলোর কী সহজ সমাধান আজ।

উচ্চমাধ্যমিক : সাম্প্রতিক পরিবর্তন সমূহ

ডঃ গোপা দত্ত

ডঃ দেবাশিস সরকার

ছাত্রছাত্রীদের জীবনে প্রাথমিক, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, স্নাতক, স্নাতকোত্তর, গবেষণা পর্যন্ত বিভিন্ন পর্যায় আছে। নিরপেক্ষ বিচারে এই সব পর্যায়ের মধ্যে উচ্চমাধ্যমিক স্তরটির সমধিক গুরুত্ব কেউই অস্বীকার করতে পারবেন না। এই পর্যায়টি উচ্চশিক্ষা ও বৃত্তি নির্বাচনের তোরণ স্বরূপ। ছেলেমেয়েদের ভবিষ্যৎ জীবনের সাফল্য বা ব্যর্থতা অনেকখানি নির্ভর করে এই পর্যায়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করার ওপর। ছাত্রছাত্রীরা তখনো বয়ঃসন্ধির স্পর্শকাতর সীমানাতেই থাকে, তারা তখনো সুকুমারমতি অথচ এই সময়ই উচ্চশিক্ষার ধারা নির্বাচন, ভবিষ্যতের পেশা নির্বাচনের অত্যন্ত প্রয়োজনীয় সিদ্ধান্ত তাদের গ্রহণ করতে হয়, যার ফলাফল তাদের প্রত্যেকের জীবনে সুদূরপ্রসারী প্রতিক্রিয়া সৃষ্টি করে। তাই উচ্চমাধ্যমিক পর্যায়টি গভীর সহানুভূতিময় বিবেচনার দাবি রাখে।

উচ্চমাধ্যমিক শিক্ষাক্রম নিয়ে বিদ্যালয় শিক্ষা ও উচ্চ শিক্ষার মধ্যে একটা টানাপোড়েন চিরকালই রয়েছে। এ দেশে পাশ্চাত্য ধরণের শিক্ষা ও ডিগ্রি প্রদানের সূচনা পর্বে এই পর্যায়টি কলেজের সঙ্গেই যুক্ত ছিল। এন্ট্রান্স বা ম্যাট্রিকুলেশনের এফ. এ. আই. এ আই এস সি, আই কম অর্থাৎ ইন্টারমিডিয়েট পর্যায়রূপে কলেজে পড়ানো হত। এই পর্যায়টি সসম্মানে উত্তীর্ণ হলে সমাজে তাকে প্রায় উচ্চশিক্ষিত বলে ধরা হত। প্রি-ইউনিভার্সিটি শিক্ষাক্রমে এই পুরাতন ব্যবস্থারই রূপান্তর আমরা দেখেছি। বিদ্যালয় এবং বিশ্ববিদ্যালয়ের মধ্যে উচ্চমাধ্যমিক যেন হাইফেনের মতো বিরাজ করে। তার পাঠক্রম ও পঠ-পাঠনে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিমিত ছায়াপাত শিক্ষার্থীকে ভবিষ্যতের গভীরতর—উচ্চতর শিক্ষার জন্য মানসিকভাবে প্রস্তুত করে। কলেজের পুরোনো মাস্টারমশাইদের কাছে ইন্টারমিডিয়েটের বিশাল ক্লাসে নানা বিষয় পড়াবার গল্প এখনো শোনা যায়। মাধ্যমিক থেকে বিষয় সংখ্যা কমে উচ্চমাধ্যমিক কয়েকটি বিষয়ে এসে দাঁড়ায় কিন্তু তার অধ্যয়ন বেশ নিবিড়তা দাবি করে।

গত শতাব্দীর ষাটের দশকের শুরুতে (১৯৬১-১৯৭৬) একাদশ শ্রেণিটি বিদ্যালয়ে সংযুক্ত হয়ে বিদ্যালয়ের গোটা সময়টি উচ্চমাধ্যমিকসহ চলত এগারো বছর। পাশাপাশি মাধ্যমিক ও প্রি-ইউনিভার্সিটি ধারাটিও ছিল। প্রি-ইউনিভার্সিটি কোর্স পড়ানো হত কলেজে। সেটি ছিল বিশ্ববিদ্যালয়ের অধীনে। উচ্চমাধ্যমিক দায়িত্ব ছিল মধ্যশিক্ষা পর্ষদের। অষ্টম শ্রেণির পর উচ্চমাধ্যমিকের ধারা (বিজ্ঞান, মানবিকী বিদ্যা, বাণিজ্য) নির্বাচন স্বভাবতই যুক্তিসঙ্গত ছিল না।

১০ + ২ শিক্ষা ব্যবস্থা কার্যকর করার জন্য ১৯৭৫-এ পশ্চিমবঙ্গে প্রথম উচ্চমাধ্যমিক শিক্ষাসংসদ স্থাপিত হল। ১৯৭৮ এ প্রথম উচ্চমাধ্যমিক পরীক্ষা গ্রহণ করা হয়। ঔপনিবেশিক যুগের কিছুটা অনুসরণে স্কুলের পাশাপাশি কলেজে উচ্চ মাধ্যমিক পড়ানো শুরু হল। উল্লেখযোগ্য যে, ভারতের অনেক জায়গায় শুধু উচ্চমাধ্যমিক পড়ানোর জন্য জুনিয়র কলেজ মোটেই দুর্লভ নয়। পাশাপাশি স্কুল ও কলেজে উচ্চমাধ্যমিক পড়ানো চলল প্রায় দুই দশকেরও ওপর। তারপর U.G.C-র অনুজ্ঞাক্রমে কলেজ থেকে উচ্চমাধ্যমিক তুলে নেওয়া হল। এখন বিদ্যালয়েরই সম্পূর্ণ অধিকারে মাধ্যমিকের মতো উচ্চ মাধ্যমিকও। বছর সমাপ্ত করে স্কুল থেকে পাশ করে বেরোলে ছাত্র/ছাত্রীকে এখন বলা হচ্ছে High School Graduate। সংজ্ঞাটি সকলের মনঃপূত না হতে পারে কিন্তু উচ্চমাধ্যমিক পর্যায়ের অশেষ গুরুত্ব কেউ অস্বীকার করতে পারবেন না।

এ কথা বলার অপেক্ষা রাখে না যে পাঠক্রম, পঠন-পাঠন, মূল্যায়ন এগুলি পরস্পরের সঙ্গে অঙ্গাঙ্গীভাবে জড়িত। প্রতিটি স্তরেই গঠনমূলক চিন্তা ও সময়োপযোগী পরিবর্তন সার্বিক মানোন্নয়ন সম্ভব করে তুলতে পারে। প্রকৃতপক্ষে এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। এই বিষয়ে আত্মসন্তুষ্টি কখনোই কাম্য নয়। পরিবর্তিত পরিস্থিতির সঙ্গে সংগতি রেখে

ক্রমোন্নয়নের দিকে সর্বদাই দৃষ্টি দেওয়া দরকার। আর্থ-সামাজিক পরিস্থিতির পাশাপাশি জাতীয় ও আন্তর্জাতিক প্রেক্ষাপটও বিবেচনায় রাখা দরকার। পাঠক্রম, পঠন-পাঠনের সঙ্গে মূল্যায়ন পদ্ধতিরও পুনর্বিচার প্রয়োজন। পশ্চিমবঙ্গে উচ্চমাধ্যমিক পাঠক্রম ও মূল্যায়নে সাম্প্রতিককালে কিছু যুগোপযোগী আবশ্যিক পরিবর্তন হয়েছে, এই প্রবন্ধে সেই পরিবর্তন সমূহের রূপরেখা উপস্থাপনের চেষ্টা করা হবে।

পাঠক্রমের পরিমার্জন ঃ

উচ্চমাধ্যমিক পাঠক্রমের দিকে তাকালে অস্বীকার করার উপায় নেই সাম্প্রতিককালের জ্ঞান বিস্ফোরণের প্রতিফলন তাতে সংগতভাবেই পড়েছে। জ্ঞান ভাণ্ডারের এই প্রসারণ ও অফুরন্ত তথ্যপুঞ্জ কয়েক দশক আগেও অভাবনীয় ছিল। একদিকে এই জ্ঞানকে পাঠক্রমে পরিসর দেওয়া অন্যদিকে অনাবশ্যক ভার বর্জন—এই দুটি দিকে ভারসাম্য রেখে উচ্চমাধ্যমিকের পরিমার্জিত পাঠক্রম ২০০৫-২০০৬ শিক্ষাবর্ষ থেকে চালু হয়েছে।

পাঠক্রমের এবং পরীক্ষার বিভাজন ঃ

পরীক্ষার উদ্দেশ্য প্রধানত দ্বিমুখী। নির্দিষ্ট সময়বৃত্তে যা পড়ানো হল ছাত্র তা কতোটা গ্রহণ করতে সক্ষম হয়েছে তা বুঝে নেওয়া এবং ছাত্রটির যোগ্যতামান নির্ধারণ করা। পরীক্ষাকে কেন্দ্র করে ছাত্রমনে যে চাপ সৃষ্টি হয় তা সম্পূর্ণ দূর করা সম্ভব নয়, কিন্তু তা কমিয়ে আনার ওপর জোর দিচ্ছেন বিশ্বজুড়ে শিক্ষাবিদ ও মনোবিদরা। সুতরাং পাঠক্রম ও পরীক্ষাকে কেন্দ্র করে চাপের সমস্যা অবশ্যই শুধু পশ্চিমবঙ্গের নয়, এটি জাতীয় এবং আন্তর্জাতিক সমস্যা। পরীক্ষা পদ্ধতির মান বজায় রেখে সংস্কার তাই খুবই জরুরি। প্রাসঙ্গিক বোধে একটি উদ্ধৃতি এখানে দেওয়া হল।

"Examination reforms constitute the most important systemic measure to be taken for curricular renewal and to find a remedy for the growing problem of psychological pressure that children and their parents feel. Specific measures include changing the typology of the question paper so that reasoning and creative abilities replace memorization as the basis of evaluation and integration of examinations with classroom life by encouraging transparency and internal assessment. The stress on preboard examinations must be reversed and strategies enabling children to opt for different levels of attainment should be encouraged to overcome the present system of generalised classification."

[Executive Summary : National Curriculum Framework-2005]

পঠন-পাঠনের গুরুত্বকে না কমিয়ে চাপ হ্রাস করার অন্যতম উপায় হল পরীক্ষার বিভাজন। তাই ২০০৫-০৬ শিক্ষাবর্ষ থেকে উচ্চমাধ্যমিক পাঠক্রম ও পরীক্ষাকে একাদশ ও দ্বাদশ শ্রেণির মধ্যে বিভাজিত করা হয়েছে। পূর্বের ব্যবস্থায় উচ্চমাধ্যমিকে ৫টি বিষয়ে মোট ১০টি পত্র এবং অতিরিক্ত ঐচ্ছিক ১টি বিষয়ে ২টি পত্র—সব মিলিয়ে বারোটি পত্রে বারোশো নম্বরের পরীক্ষা পরীক্ষার্থীকে দিতে হয়। একটি পত্র পিছু তিন ঘণ্টা পরীক্ষার সময় বরাদ্দ করা থাকে। এই অখণ্ড পরীক্ষায় পরীক্ষার্থীদের ওপর যথেষ্ট চাপ পড়ে তা নিয়ে দ্বিমতের অবকাশ নেই। বৃহদায়তন পাঠক্রমের সামনে দাঁড়িয়ে অনেক সময় ছাত্র ছাত্রীরা সুবিধাজনক কয়েকটি হ্রস্বতর পন্থা গ্রহণ করে। যথা, সম্পূর্ণ পাঠক্রম অধিগত না করে নির্ধারিত কিছু অংশ বেছে নিয়ে পড়া (Suggestions), না বুঝে মুখস্ত করা (Memorization, Cramming), চাপের ফলে দিশেহারা হয়ে প্রাইভেট কোচিং-রূপী তথাকথিত মুশকিল আসানের শরণাপন্ন হওয়া। এই উপায়গুলির দ্বারা সামগ্রিকভাবে বিষয়ের গভীরে প্রবেশ করতে ছাত্ররা পারঙ্গম হয় কিনা তা নিয়ে সংশয় আছে। সবাই একমত হবেন যে, বস্তুত এগুলি ব্যাধিলক্ষণ এবং এগুলির নিরাকরণে মনোযোগ দেওয়া দরকার।

আরো একটি বাস্তব সমস্যা হল সাম্প্রতিককালে উচ্চমাধ্যমিকের পরবর্তী পঠন-পাঠনের ক্ষেত্রে প্রবেশিকা পরীক্ষাগুলির

গুরুত্ব খুবই বেড়ে গিয়েছে। শুধুমাত্র চিকিৎসাবিদ্যা, বিজ্ঞান ও প্রযুক্তি নয়, আইন, বাণিজ্য, নানাধরণের প্রশাসন শিক্ষার কোর্স, নানাধরণের মানবিকীবিদ্যা এবং বৃত্তিমূলক শিক্ষার ক্ষেত্রে যথেষ্ট কঠিন প্রবেশিকা পরীক্ষার মুখোমুখি হবার জন্য ছাত্রকে তৈরি হতে হয়। বিশেষভাবে মনে রাখতে হবে উচ্চমাধ্যমিক পাঠক্রমের দুটি বৎসরই ঐ প্রস্তুতিরও কাল। অর্থাৎ একই সময়সীমার মধ্যে একদিকে উচ্চমাধ্যমিক, অন্যদিকে বিদ্যা বা বৃত্তিনির্বাচন বিষয়ক প্রবেশিকার কথা মাথায় রেখে ছাত্রকে পড়াশোনা করতে হয়। চাপটা তাই অনেক সময় মাত্রাতিরিক্ত হয়ে পড়ে। পরীক্ষা পদ্ধতির নানা পরিবর্তনের মাধ্যমে পরীক্ষাকেন্দ্রিক ভার লাঘবের প্রয়াস গোটা বিশ্বেই লক্ষ্য করা যাচ্ছে। ভারতেও একটি সমীক্ষা চালিয়ে দেখা গেছে প্রায় সব রাজ্যেই একাদশ ও দ্বাদশ শ্রেণির পরীক্ষা অখণ্ড না রেখে খণ্ডীকৃত করা হয়েছে। দুটি কেন্দ্রীয় বোর্ডও অনুরূপ ব্যবস্থা অবলম্বন করেছে। বস্তুত বিভাজন প্রক্রিয়ার মধ্যে দিয়ে পরীক্ষাকেন্দ্রিক ভার ও আতঙ্ককে লাঘব করা একটি অন্যতম বৈজ্ঞানিক পন্থা। এই পন্থা অবলম্বন করে পরীক্ষাভীতি ও মানসিক অবসাদের ভয়াল আগ্রাসন থেকে ছাত্রসমাজকে রক্ষা করা যায়। পাঠক্রম ও পরীক্ষার চাপে ক্লিষ্ট, উদ্বিগ্ন ও নির্জীব হয়ে পড়ার হাত থেকে তাদের বাঁচানো যায়। পশ্চিমবঙ্গের উচ্চমাধ্যমিকে এই মান্য পদ্ধতিই গৃহীত হয়েছে। উচ্চমাধ্যমিকের ৫১টি বিষয়ের দুই বৎসরের পাঠক্রমকে একাদশ ও দ্বাদশ শ্রেণির মধ্যে সুবিভক্ত করা হয়েছে। একাদশ শ্রেণির বাৎসরিক পরীক্ষার প্রশ্নপত্র প্রস্তুতির দায়িত্ব সংসদের। একাদশ শ্রেণির বাৎসরিক পরীক্ষা গ্রহণ, মূল্যায়ন ও ফল প্রকাশ করছে বিদ্যালয়। বিদ্যালয় সেই ফলাফল সংসদে প্রেরণ করছে। উচ্চমাধ্যমিক পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে দ্বাদশশ্রেণির পাঠক্রমের উপর নির্ভর করে দ্বাদশ শ্রেণির শেষে। এই পরীক্ষার দায়িত্ব সম্পূর্ণ সংসদের। একাদশ শ্রেণির বাৎসরিক পরীক্ষার ফলাফলের কোনো প্রতিফলন উচ্চমাধ্যমিকের মার্কশিটে থাকছে না। ২০০৭ সালে প্রথম বিভাজিত পাঠক্রমে উচ্চমাধ্যমিক পরীক্ষা গৃহীত হয়েছে। ফলাফল প্রকাশিত হয়েছে ১ জুন। প্রসঙ্গত উল্লেখযোগ্য সুপ্রিমকোর্ট নির্দেশ দিয়েছেন প্রতি বছর ভারতের সমস্ত উচ্চমাধ্যমিক বোর্ড/কাউন্সিলকে বাধ্যতামূলকভাবে ১০ জুনের মধ্যে ফল প্রকাশ করতে হবে।

বিষয়সমূহের প্রসঙ্গভিত্তিক এবং অধ্যায়ভিত্তিক নম্বর বিন্যাস ঃ

পাঠক্রম ও পরীক্ষা বিভাজনের সঙ্গে সঙ্গে লক্ষ্য রাখা দরকার যাতে পাঠ্যবস্তুর নিবিড় অনুশীলনও ঘটে, কোনো তরলীকরণ (dilution) না হয়। উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে প্রতিটি প্রসঙ্গে গুরুত্ব বিচার করে নম্বর বরাদ্দ করা হয়েছে (Unitisation of syllabi)। তার ফলে সাজেশনভিত্তিক পড়া এড়িয়ে ছাত্র-ছাত্রীরা সমগ্র পাঠক্রমটির সঙ্গে পরিচিত হবে এবং উচ্চমাধ্যমিকের মান সম্পূর্ণ বজায় থাকবে। উচ্চমাধ্যমিকের পাঠ্যপুস্তকসমূহে একাদশ ও দ্বাদশশ্রেণির পাঠক্রমের প্রসঙ্গ ও অধ্যায়ভিত্তিক নম্বর উল্লিখিত হয়েছে। এই প্রথম সংসদ পাঠ্যপুস্তকসমূহকে বিশেষজ্ঞদের দিয়ে পরীক্ষা করিয়ে টেক্সট বুক নম্বর প্রদান করেছে। সংসদ অনুমোদিত গ্রন্থসমূহের তালিকা বিদ্যালয়গুলিতে প্রেরণ করা হয়েছে যাতে বিদ্যালয় তার থেকে পুস্তক নির্বাচন করে তালিকা প্রস্তুত করতে পারেন। বোর্ড অব স্টাডিজের সদস্যরা পাঠ্যপুস্তকের পৃষ্ঠা সংখ্যা নির্দিষ্ট করে দিয়েছেন। বিষয়বস্তুর গুরুত্ব অনুসারে নির্ধারিত এই পৃষ্ঠাসংখ্যার ক্ষেত্রে ছাত্রমনের উপর যেন অত্যধিক চাপ না পড়ে সেদিকে বিশেষ দৃষ্টি রাখা হয়েছে।

প্রশ্নপত্রের কাঠামো পরিবর্তন ঃ

মূল্যায়নের ক্ষেত্রেও যে কোনো শিক্ষা ব্যবস্থায় আত্মসন্তুষ্টির অবকাশ নেই। ক্রমাগতই নৈর্ব্যক্তিক বা অবজেকটিভ অ্যাসেসমেণ্টের দিকে যাত্রা করা প্রয়োজন। পরীক্ষার খাতা দেখার সময় ছাত্রের লিখন সামর্থ্য পরিমাপন করেন শিক্ষক। এই পদ্ধতিতে ব্যক্তিগত ঝোঁক (Subjectivity) যতটা কমিয়ে আনা যায় ততই মূল্যায়ন ব্যবস্থাটি ছাত্রমুখী হয়ে ওঠে। নম্বরের স্কেলটিকে ছোটো করে এনে এই সমস্যার অনেকটা সমাধান করা যায়। ছোটো ছোটো নম্বরকে তথ্য ও প্রকাশভঙ্গির বিচারে ভাগ করে নিয়ে মূল্যায়নকে নৈর্ব্যক্তিক করে তোলা যায়। আবার উচ্চমাধ্যমিকের মতো পাঠক্রমে বিবৃতিমূলক উত্তরেরও একটা বিশেষ স্থান থাকা দরকার যেখানে পরীক্ষার্থীর বোধ, দক্ষতা, রচনাশৈলী একটি বিশেষ মর্যাদা পাবে। সব দিকে দৃষ্টি রেখেই উচ্চমাধ্যমিকের প্রশ্নপত্রের কাঠামোতে পরিবর্তন করা হয়েছে। খুব ছোটো, ছোটো, মাঝারির পাশাপাশি

রাখা হয়েছে কিছুটা দীর্ঘ প্রশ্ন। অতিদীর্ঘ উত্তর কখনোই চাওয়া হচ্ছে না। পশ্চিমবঙ্গের শিক্ষা ব্যবস্থা ও মূল্যায়ন ব্যবস্থার গৌরবময় ঐতিহ্যের সঙ্গে আধুনিক সংস্কারপন্থী চিন্তাধারার মেলবন্ধন ঘটানোর চেষ্টা করা হয়েছে এই কাঠামোতে। ভাষা বিষয়, গবেষণাগার সম্পর্কিত বিষয়, গবেষণাগারের সঙ্গে অসম্পর্কিত বিষয় এবং বাণিজ্য—এই চার ধারার প্রশ্ন কাঠামো তৈরি হয়েছে। এই কাঠামো অনুসরণ করেই একাদশ ও দ্বাদশ শ্রেণির প্রশ্নপত্র প্রস্তুত হচ্ছে।

গ্রেডিং ঃ

ধারাবাহিক এই পরিবর্তন প্রক্রিয়ার অন্যতম ধাপ হিসেবেই এসেছে মূল্যায়নের আধুনিক পদ্ধতি গ্রেডিং। গ্রেড পদ্ধতি প্রয়োগের ফলে উচ্চমাধ্যমিকের মার্কশিট ও সার্টিফিকেটে ২০০৭ সাল থেকে বড়ো পরিবর্তন ঘটেছে। প্রথমেই বলে রাখা ভালো উচ্চমাধ্যমিকে 'ডাইরেক্ট গ্রেডিং' বা প্রত্যক্ষ গ্রেডিং প্রয়োগ করা হয়নি। যে পদ্ধতি প্রয়োগ করা হয়েছে তাকে বলা যায় পরোক্ষ বা ইনডাইরেক্ট গ্রেডিং। বিষয়টি নিয়ে চর্চার সময় দেখা গেছে আন্তর্জাতিক স্তরে নানাবিধ গ্রেড বিন্যাস প্রচলিত। গোটা পৃথিবীতে কোনো একটি বা দুটিমাত্র স্কেল এ ব্যাপারে চালু নেই। নানাধরণের স্কেল অনুসৃত হচ্ছে। পশ্চিমবঙ্গে উচ্চমাধ্যমিকের ক্ষেত্রে এই গুরুত্বপূর্ণ পরিবর্তনের সময় পরম্পরা ও আধুনিকতার ভারসাম্য রক্ষা করার চেষ্টা করা হয়েছে। উচ্চমাধ্যমিকের গ্রেড্‌বিন্যাস নিম্নরূপ :

80—100	A+	(Excellent)
60—79	A	(very good)
45—59	B	(Good)
30—44	C	(Satisfactory)
Below 30	D	(Disqualified)

এক একটি গ্রেডে কুড়ি বা পনেরো নম্বরের বিস্তার রয়েছে ফলে ছাত্রছাত্রীদের অর্জিত জ্ঞানের চুলচেরা বিচার ও অস্বাস্থ্যকর ইঁদুর দৌড়ের বদলে একটি ভারসাম্যময়, স্বস্তিদায়ক কার্যকরী ব্যবস্থা সামগ্রিকভাবে সুফল আনবে আশা করা যায়। তবে এই বিন্যাসে পশ্চিমবঙ্গের শতাধিক বৎসরের ঐতিহ্যপূর্ণ মূল্যায়ন ব্যবস্থার মূল বনিয়াদটিকে অস্বীকার করা হয় নি।

সকলেই জানেন উচ্চমাধ্যমিকে ছটি বিষয় পড়া যায়। তবে পাঁচটি বিষয় পড়লেও হয়। দুটি ভাষা—মাতৃভাষা ও ইংরাজী, তিনটি কমপালসারি ইলেকটিভ সাবজেক্ট এবং একটি অপশনাল ইলেকটিভ—এই হল মোট সাবজেক্টের ছবি। পূর্বের ব্যবস্থায় অপশনাল ইলেকটিভ সাবজেক্ট থেকে ৩০ শতাংশ নম্বর কেটে সম্মিলিত যোগফলের সঙ্গে যোগ করা হত। বর্তমান ব্যবস্থায় বিষয়ভিত্তিক নম্বর ও বিষয়ভিত্তিক গ্রেড পাশাপাশি দেওয়া থাকছে, সম্মিলিত যোগফলের কোনো জায়গা থাকছে না। অপশনাল ইলেকটিভ সাবজেক্টের পুরো নম্বরই স্বভাবত থাকছে। মার্কশিটে ছটি বিষয়ে প্রাপ্ত নম্বরের মধ্যে পাঁচটি শ্রেষ্ঠ নম্বর (Best five) নির্বাচন করে উচ্চশিক্ষার ক্ষেত্রে ছাত্রের সামর্থ্য বিবেচিত হচ্ছে। এটি বর্তমানে ভারতে একটি সুপ্রচলিত পদ্ধতি। অপশনাল ইলেকটিভ সাবজেক্ট সেখানে অন্য পাঁচটি সাবজেক্টের মতো সমান গুরুত্ব পাচ্ছে।

অপশনাল ইলেকটিভ নিয়ে সম্প্রতি বিস্তৃত আলোচনার প্রয়োজন অনুভূত হচ্ছে। কারণ সম্মিলিত যোগফলের সঙ্গে অপশনাল ইলেকটিভের নম্বর যোগ করার প্রথা বিলুপ্ত হওয়ায় ছাত্র ও অভিভাবকের মনে জিজ্ঞাসা জাগছে এই বিষয় নেবার যৌক্তিকতা কোথায়। এর উত্তরে বলা যায় অপশনাল ইলেকটিভ সাবজেক্টের শিক্ষাগত প্রয়োজনীয়তা অনস্বীকার্য। উচ্চশিক্ষার বিষয় নির্বাচনের ক্ষেত্রে তা ছাত্রের জ্ঞানের পরিধি বাড়ায়। অন্যদিকে সংসদের নিয়মানুসারে তিনটি কমপালসরি ইলেকটিভ সাবজেক্টের কোনো একটিতে অকৃতকার্য হলে বা অনুপস্থিত থাকলে এবং অপশনাল ইলেকটিভ সাবজেক্টে পাশ করলে পরীক্ষার্থী সাবজেক্ট ইনটারচেঞ্জের মাধ্যমে সফল বলে ঘোষিত হয়।

আবশ্যিক আর একটি সাবজেক্ট উচ্চমাধ্যমিকে এসেছে তার উল্লেখ না করলে আলোচনা অসম্পূর্ণ থাকবে। সভ্যতার সাম্প্রতিক সংকট বিচার করলে পরিবেশ শিক্ষার গুরুত্ব কেউই অস্বীকার করবে না। ২০০৫-০৬ শিক্ষাবর্ষ থেকে পরিবেশ

শিক্ষা উচ্চমাধ্যমিক পাঠক্রমের অন্তর্ভুক্ত হয়েছে। পরিবেশ শিক্ষার পরীক্ষা হবে দ্বাদশশ্রেণির অন্তে উচ্চমাধ্যমিক পরীক্ষায়। এটি প্রতিটি ছাত্রকে পড়তে হবে এবং পাস করতে হবে—৬০ নম্বর রয়েছে প্রোজেক্ট ওয়ার্কে এবং ৪০ নম্বর রয়েছে লিখিত পরীক্ষায়। উচ্চমাধ্যমিকের অন্যান্য পরীক্ষায় ব্যবহারিক ও তাত্ত্বিক দুটি পরীক্ষাতেই আলাদা করে পাস করতে হয়। কিন্তু পরিবেশ শিক্ষার ক্ষেত্রে প্রোজেক্ট ওয়ার্ক ও লিখিত পরীক্ষা মিলিয়ে পাস নম্বর পেলেই পরীক্ষার্থীকে পাস ঘোষণা করা হবে। কিন্তু বিশেষ ভাবে উল্লেখযোগ্য এই যে, প্রোজেক্ট ওয়ার্ক এবং লিখিত পরীক্ষা দুটিই আবশ্যিক। এর যে কোনো একটিতে অনুপস্থিত হলে পরীক্ষার্থী অকৃতকার্য বলে বিবেচিত হবে। ছাত্রদের শুধু পুঁথিগত পরিবেশ শিক্ষায় আবদ্ধ না রেখে আমাদের চারপাশের প্রকৃতির সঙ্গে সরাসরি যুক্ত করার অভিপ্রায়েই বিশেষজ্ঞরা প্রোজেক্ট ওয়ার্কে জোর দিয়েছেন।

ফিরে আসি গ্রেডিং-এর আলোচনায়। সম্মিলিত যোগফল না থাকার ফলে ডিভিশন, স্টার মার্কস ও লেটার মার্কসের কোনো জায়গা আর থাকছে না। এই পদ্ধতি পুরোনো পদ্ধতির থেকে কেন ভালো তা নিয়ে শিক্ষাবিদরা কার্যকরী আলোচনা দীর্ঘকাল ধরে করছেন। গ্রেড ব্যবস্থায় ছাত্রদের সামর্থ্যকে শুধুমাত্র নম্বরের স্কেলে না দেখিয়ে একটি গুচ্ছের অন্তর্গত করে দেখানো হয়। এক একটি গুচ্ছকে 'লেটার গ্রেড' A+, A, B, C ইত্যাদি নামে চিহ্নিত করা হয়। বলা বাহুল্য গ্রেডিং এর জটিলতর পদ্ধতিও আছে, আমরা সেই আলোচনায় যাচ্ছি না। এক একটি বর্গের অন্তর্ভুক্ত পরীক্ষার্থীদের সামর্থ্য একই মানের এই প্রতীতিই গ্রেডিং ব্যবস্থার মূল কথা। সূক্ষ্ম নম্বরের ভেদ পরীক্ষার্থীদের মনে যে চাপ ঘনিয়ে আনে গ্রেডিং তা হ্রাস করে। পরীক্ষার্থী বাঞ্ছিত আত্মবিশ্বাসে স্থিত হয়। একটি বর্গে অনেকের সঙ্গে সমষ্টিগত অবস্থিতি তাকে চাপমুক্ত করে। সেই সঙ্গে বিষয়ের দক্ষতার ক্ষেত্রে নিজের গ্রেড্‌কে সে এগিয়ে নেবার উৎসাহ পায়। উদাহরণস্বরূপ একাদশ শ্রেণির বাৎসরিক পরীক্ষায় কোনো বিষয়ে 'বি' পেয়ে ছাত্র 'এ' বর্গের অন্তর্ভুক্ত হবার জন্য উৎসাহিত হবে এটিই আকাঙ্ক্ষিত। বিদ্যালয়ের মূল্যায়নের মধ্য দিয়ে সে নিজেকে উন্নত করে তোলে সর্বদাই, গ্রেড তাকে এ ক্ষেত্রে সাহায্য করে। প্রশ্ন উঠতে পারে আগের সম্মিলিত যোগফল এবং তৎসম্পর্কিত প্রথম বিভাগ, দ্বিতীয় বিভাগ ইত্যাদি বিন্যাসে সীমাবদ্ধতা কোথায় ছিল যে নতুন পদ্ধতির দরকার হল। এর উত্তরে বলা যায় বিভিন্ন সাবজেক্টে প্রাপ্ত নম্বরের সম্মিলিত যোগফলে এবং ডিভিশনের চিহ্নিতকরণে পরীক্ষার্থীর কোনো বিশেষ সাবজেক্টের দক্ষতা ও সামর্থ্য অনেকসময় আবৃত (masked) হয়ে যায়। পরীক্ষার্থী বহুক্ষেত্রে অনাকাঙ্ক্ষিত হীনমন্যতার শিকার হয়। আবার বিষয়গত দক্ষতার সঙ্গে সম্মিলিত যোগফলের সংগতি বিধানের সময় তরুণ মন বিভ্রান্ত হয়ে পড়ে এবং উচ্চশিক্ষার ধারা নির্বাচনে এর ছাপ পড়ে যায়, যার ফল হয় সুদূরপ্রসারী। সম্মিলিত যোগফলের উপর নির্ভর করে ছাত্র-ছাত্রীর মেধা ও ক্ষমতা বিচার তাই জিজ্ঞাসার সামনে দাঁড়ায়। গ্রেডিং যে গোটা বিশ্বে মূল্যায়নের মান্য পদ্ধতি রূপে স্বীকৃতি পেয়েছে তার অন্যতম কারণ এই পদ্ধতি একটি ছাত্রের বিভিন্ন বিষয়ের জ্ঞান, বোধ ও দক্ষতাকে তুলনামূলকভাবে বৈজ্ঞানিক যুক্তিবোধ ও শৃঙ্খলা দ্বারা বিচার করতে পারে। অতি সূক্ষ্ম নম্বরের ভেদের গুরুত্ব কমিয়ে গুচ্ছকে প্রাধান্য দিয়ে ছাত্রমনে উদ্দীপক উপাদান রূপে কাজ করতে পারে। সমাজে যে অসুস্থ প্রতিযোগিতা এবং তজ্জনিত মানসিক উদ্বেগ প্রতি মুহূর্তে পরিবর্ধমান গ্রেডিং তার বিরুদ্ধে দাঁড়ায় তাই এই পদ্ধতি আকাঙ্ক্ষিত।

সম্প্রতি পরীক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ এবং ছাত্রছাত্রীদের মানসিক চাপ কমাবার লক্ষ্যে সংসদ আরেকটি সিদ্ধান্ত গ্রহণ করেছে। ২০০৮ সাল থেকে উচ্চমাধ্যমিক ও একাদশ শ্রেণির বাৎসরিক পরীক্ষায় প্রতিটি বিষয়ের পত্রে প্রশ্ন পড়বার জন্য ১৫ মিনিট অতিরিক্ত সময় দেওয়া হবে। এই সিদ্ধান্ত সর্বভারতীয় শিক্ষাভাবনার সঙ্গে যুক্ত। বস্তুত উচ্চমাধ্যমিকে এই অতিরিক্ত ১৫ মিনিট সময় প্রশ্নপাঠের জন্য দেওয়ার ব্যাপারে ভারতের সব বোর্ড/কাউন্সিল সহমত পোষণ করেছে। ২০০৮ সাল থেকে পরীক্ষার সময়সূচী কিঞ্চিৎ পরিবর্তিত হবে। সকালের পরীক্ষা চলবে ১০ টা থেকে ১-১৫ পর্যন্ত এবং ৪৫ মিনিট বিরতির পর বিকালের পরীক্ষা চলবে ২টা থেকে ৫-১৫ পর্যন্ত। পরীক্ষার শুরুতে প্রশ্নপত্র ও খাতা একত্রেই ছাত্রকে দেওয়া হবে। কিন্তু বিদ্যালয়ের ক্লাসরুমে ছাত্রকে পূর্বে প্রশিক্ষিত করা দরকার কীভাবে ১৫ মিনিট ধরে প্রশ্নপত্রটি যথাযথভাবে পাঠ করে বিকল্পগুলি থেকে নিজের পছন্দমতো প্রশ্ন নির্বাচন করে উত্তরদান করতে হবে। এ ব্যাপারে

পশ্চিমবঙ্গের দায়িত্বশীল শিক্ষক-শিক্ষিকাগণ যে তাঁদের ছাত্রছাত্রীদের সময়ের যথাযোগ্য ব্যবহার শিখিয়ে দেবেন এই দৃঢ় বিশ্বাস সংসদের আছে।

ব্যবহারিক পরীক্ষার সময়সূচীতে একটি মস্ত বড়ো পরিবর্তন ঘটেছে এই বৎসর। আগে তাত্ত্বিক পরীক্ষা শেষ হওয়ার পর ব্যবহারিক পরীক্ষা গ্রহণ করা হত। এই বৎসর থেকে তাত্ত্বিক পরীক্ষার আগে জানুয়ারি মাসে ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। এই পরিবর্তনের পিছনে নানা কারণ রয়েছে। টেস্ট পরীক্ষার পর দীর্ঘ সময় বিদ্যালয় থেকে বিচ্ছিন্নতা ছাত্রছাত্রীদের দিক থেকে কাম্য নয়। ব্যবহারিক পরীক্ষা আগে অনুষ্ঠিত হওয়ার ফলে বিদ্যালয়ের সঙ্গে ছাত্রছাত্রীর যোগ বহাল থাকবে। তাত্ত্বিক পরীক্ষা শেষ হওয়ার পরেই গোটা ভারতবর্ষে এবং আন্তর্জাতিক স্তরেও নানাধরণের প্রবেশিকা পরীক্ষাগুলি অনুষ্ঠিত হয়। সেগুলি পুরোটাই তাত্ত্বিক — তার জন্য কিছুটা ভিন্ন ধরণের প্রস্তুতিও দরকার হয়। ব্যবহারিক পরীক্ষার চাপের মধ্যে সেই প্রস্তুতি সম্পূর্ণ করার ক্ষেত্রে অসুবিধা দেখা দেয়। জানুয়ারি মাসে চাপমুক্ত অবস্থায় ব্যবহারিক পরীক্ষা ছাত্রদের পক্ষে স্বস্তিদায়ক হবে বলে সংসদ মনে করে। ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যাপারে এবং উত্তরপত্র পরীক্ষার ব্যাপারে জানুয়ারি মাস শিক্ষক-শিক্ষিকাদের পক্ষেও সুবিধাজনক হবে বলে সংসদ আশা করে।

সংসদের ওয়েবসাইটটি ২০০২ সাল থেকেই রয়েছে। সময়ের দাবি অনুসারে সেটির প্রয়োজনীয় পরিবর্তন ও পরিবর্ধন করা হয়েছে। সংসদের সংক্ষিপ্ত ইতিহাস, মূল দপ্তর ও আঞ্চলিক দপ্তরসমূহ সহ প্রশাসনিক কাঠামোর সম্পূর্ণ পরিচয় এতে রয়েছে। সংসদের ছাত্র ভর্তি এবং পরীক্ষা সংক্রান্ত বিধিসমূহ অর্থাৎ Admission and Examination Regulations এই নতুন ওয়েবসাইটে রয়েছে। সংসদ অনুমোদিত টেক্সটবুক নম্বর প্রাপ্ত পাঠ্যগ্রন্থাবলির পূর্ণাঙ্গ তালিকাও সংযুক্ত হয়েছে। সংসদ অনুমোদিত পশ্চিমবঙ্গের উনিশটি জেলা জুড়ে ছড়ানো বিদ্যালয়সমূহের তালিকা এতে রয়েছে। সংসদ আশা করে পরিমার্জিত, পরিবর্ধিত এই ওয়েবসাইট ছাত্রছাত্রী, অভিভাবকবৃন্দ, মাননীয় শিক্ষক-শিক্ষিকাবৃন্দ সকলেরই কাজে লাগবে।

ওয়েবসাইটের ঠিকানা (Website Address) :

www.wbchse.nic.in

গত কয়েক বৎসরের মধ্যে ছাত্র স্বার্থ পূরণের লক্ষ্যে সংসদ বেশ কিছু গুরুত্বপূর্ণ পরিবর্তনের পদক্ষেপ গ্রহণ করেছে। পাঠক্রমের পরিবর্তন, পাঠক্রম ও পরীক্ষা বিভাজন, পাঠ্যপুস্তকে টেক্সটবুক নম্বর প্রদান, গ্রেডিং এর প্রচলন, এসবই পরিবর্তনের এক একটি ধাপ। পরীক্ষার ফল প্রযুক্তির সাহায্যে সংরক্ষণ এই আধুনিকীকরণের একটি পর্যায়।

১৯৭৮ সাল থেকে ২০০৭ পর্যন্ত সংসদ উচ্চমাধ্যমিক পরীক্ষা গ্রহণ করছে এবং ফলাফল প্রকাশ করছে। পুরাতন পদ্ধতিতে এই ফলাফল সংরক্ষণ করার কয়েকটি অসুবিধা রয়েছে। সনাতন পদ্ধতিতে সংরক্ষণের জন্য দরকার বিস্তৃত স্থান। ছাত্রসংখ্যা ক্রমবর্ধমান, পুরাতন নথিপত্র জীর্ণ হয়ে যাবার সমস্যাও আছে। যুগোপযোগী আধুনিক সংরক্ষণ এবং দ্রুত পরিষেবার লক্ষ্যে পরিগণক মহাফেজখানা বা Digital Archive নির্মাণের জন্য পশ্চিমবঙ্গ সরকারের অনুদানে উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদ একটি প্রকল্প গ্রহণ করেছিল।

আনন্দের সঙ্গে জানাচ্ছি যে এই প্রকল্প সমাপ্ত হয়েছে। ০৯-০৮-২০০৭ পশ্চিমবঙ্গ উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের নবরূপে ওয়েবসাইট (Website) এবং পরিগণক মহাফেজখানা অর্থাৎ Digital Archive-এর উদ্বোধন করেছেন পশ্চিমবঙ্গ বিদ্যালয় শিক্ষা দপ্তরের মাননীয় মন্ত্রী অধ্যাপক পার্থ দে মহাশয়।

দীর্ঘদিনের কঠোর পরিশ্রমের ফল এই মহাফেজখানা। পশ্চিমবঙ্গের ছাত্রছাত্রীদের হাতে ডুপ্লিকেট মার্কশীট ও সার্টিফিকেট তুলে দেওয়ার কাজ এখন থেকে তুলনামূলকভাবে দ্রুত ও সহজসাধ্য হবে।

পাঠক্রম পরিবর্তন, পাঠক্রম ও পরীক্ষা বিভাজন, প্রসঙ্গভিত্তিক নম্বর বিন্যাস গ্রেডিং এবং ১৫ মিনিট প্রশ্নপত্র পাঠের জন্য অতিরিক্ত সময় দেওয়া সহ উচ্চমাধ্যমিকে যে সব পরিবর্তন ঘটেছে তার পরিচয় দেওয়া হল। আশা করা যায়, এইসব পরিবর্তন ছাত্রসমাজ ও বৃহত্তর অর্থে গোটা শিক্ষাব্যবস্থা ও সমাজব্যবস্থার পক্ষে অনুকূল ও আশাসঞ্চারী হবে।

DOSS & CO.

CHARTERED ACCOUNTANTS

C/O, Hari Singh & Sons
12, B. B. D. Bag (East)
1st Floor
Kolkata-700001
Phone No. : 2230-6607

AUDITORS' REPORT

We have examined the annexed Balance Sheet as at 31st December, 2007 and the Income and Expenditure Account for the year ended on that date of West Bengal Government College Teachers' Association, 1, Bankim Chatterjee Street, Kolkata—700 073 and report that they are in agreement with the books of account produced before us.

The Association has prudently increased subscription from members both annual and life by Rs. 100/- and Rs. 500/- respectively. It has also been able to increase collection against advertisements considerably. The revenue of the Association thus covered the expenses leaving a surplus of Rs. 92,113.50. The association has also rightly taken steps to write off old unrealisable outstandings against subscription. conference bill and advertisement. The surplus money contibutiong towards General Fund reflects a healthy picture of the state of affairs of the association.

U.G.C. grant against Seminar expenses should be realised forthwith or it will again affect the General Fund of the association.

Sd/-
Doss & Co.,
Chartered Accountants

Dated 18th January, 2008.

WEST BENGAL GOVERNMENT

1. Bankim Chatterjee Street,

BALANCE SHEET AS AT

LIABILITIES	Amount Rs. P.	Amount Rs. P.
General Fund :		
Balance as per last Account	1,84,937.73	
Add: Excess of Income over Expenditure	92,113.50	2,77,051.23
(Transferred from Income & Expenditure Account)		
Development & Welfare Fund :		
Balance as per last Account		7,956.15
Xerox & Fax Machine Fund :		
Balance as per last Account		1,14,450.00
Relief Fund :		
Balance as per last Account		15,628.00
Movement Fund :		
Balance as per last Account		59,423.30
Bank Suspense Account :		
Balance as per last Account	2312.00	
Less : Liability no longer required	2312.00	Nil
Liability for Expenser :		
Audit Fee for the year, 2007		1500.00
		4,76,008.68

Dated 18th January, 2008
Chartered Accountants.
C/o. Hari Singh & Sons,
12, B.B.D.Bag
Kolkata-700 001.

Harendranath Bhattacharya
General Scretary
W.B.Govt. College Teachers' Association

Debabrata Mondal
Treasurer
W.B.Govt. College Teachers' Association

COLLEGE TEACHERS' ASSOCIATION

Kolkata 700 073

31ST DECEMBER, 2007

ASSETS	Amount Rs. P.	Amount Rs. P.
Furniture and Fixtures :		
Balance as per last Account.	17,181.00	
Less : Depreciation	1,718.00	15,463.00
Xerox and Fax Machine :		
Balance as per last Account	58,174.00	
Less : Depreciation	5,817.00	52,357.00
Members' Subscription Realisable :		
Balance as per last Account	28,600.00	
Less : Collection this year.	10,400.00	
	18,200.00	
Less : Members' Subscription Written off	18,200.00	Nil
U.G.C. Grant Receivable Against Seminar Expenses		36,000.00
Conference Bills Receiavle :		
Balance as per last Account	20,600.00	
Less : Conference Bills Receivable Written off.	20,600.00	Nil
Advertisement Receivable :		
Balance as per last Account	30,000.00	
Less : Received during this year	2,000.00	
	28,000.00	
Less : Advertisement Receivable Written off	28,000,00	
Receivable for this year.	Nil	
Library Fund :		60,000.00
Balance as per last Account		
Loan and Advance :		650.00
Advance for 36th Annual Conference		
Cash and Bank Balances :		50,000.00
Cash with Treasurer		
UCO Bank (Cornwallis St. Br.) :		50,195.06
S.B. A/c. No. 5372/7-10		
Bank of India (College St. Br.)	3,393.62	
S.B. A/c. No. 14320		
	2,07,950.00	2,11,343.62
	Rs.	4,76,008.68

Dated 18th January, 2008
Chartered Accountants.
C/o. Hari Singh & Sons,
12, B.B.D.Bag
Kolkata-700 001.

Signed in terms of our report of even date.

Doss & Co.,
Chartered Accountants

WEST BENGAL GOVERNMENT

1. Bankim Chatterjee Street,

INCOME & EXPENDITURE ACCOUNT FOR

	EXPENDITURES	Amount Rs. P.	Amount Rs. P.
To	'AIFUCTO' Subscription		4,100.00
"	'AIFUCTO' Meeting & Conference		49,417.00
"	Audit Fee		1500.00
"	Accounting Charges		4000.00
"	35th Annual Conference Expenses		2,64,783.00
"	Bank Charges		579.00
"	Computer Maintenance Expenses		4,552.00
"	Depreciation		7535.00
"	Meeting Expenses		31,797.50
"	Office Maintenance Expenses		14,701.00
"	Postage		1,110.00
"	Printing & Stationery		2,243.50
"	Telephone Charges		16,556.00
"	Travelling & Conveyance		15,362.00
"	Type & Photo-copy		580.50
"	Miscellaneous Expenses		8,191.00
"	Advertisement Receivable Written off		28,000.00
	Members' Subscription Written off		18,200.00
"	Conference Bills Receivable Written off		20,600.00
"	Seminar & Symposium Expenses	36.400.00	
"	Less : Receivable from U.G.C.	36.000.00	400.00
"	Excess of Income over Expenditure		92,113.50
"	(Transfered General Fund)		
			5,86,321.00

Harendranath Bhattacharya
General Scretary
W.B.Govt. College Teachers' Association

Debabrata Mondal
Treasurer
W.B.Govt. College Teachers' Association

COLLEGE TEACHERS' ASSOCIATION

Kolkata 700 073

THE YEAR ENDED 31ST DECEMBER, 2007

INCOMES	Amount Rs. P.	Amount Rs. P.
By Members' Subscription		3,33,100.00
" Life Membership Fee		2,500.00
" Advertisement		2,45,950.00
" Bank Interest		2,459.00
" Liability no longer required (Bank Suspense)		2,312.00
	Rs.	5,86,321.00

Signed in terms of our report of even date.

DOSS & CO
Chortered A ccountants

West Bengal Government College Teachers' Association
(Registered under Societies Registration Act, 1961)
1, BANKIM CHATTERJEE STREET, KOLKATA–700 073
Pn. : (033) 2219-2061, e-mail : wbgcta@vsnl.net, Tele-fax : 2219-2061

Proposed Budget for the year 2008

RECEIPTS	Amount Rs.	PAYMENTS	Amount Rs.
1. Subscription from Membership	3,15,000	1. Meeting Expenses	50,000
		2. Alfucto Subscription	5,000
2. Life Membership	10,000	3. Alfucto Meeting	60,000
3. Advertisement	2,13,000	4. Office Expenses	15,000
4. Bank interest	2,500	5. Travelling Expenses	20,000
		6. Postage	3,000
		7. Audit fee	1,500
		8. Accounting charges	4,000
		9. Seminar	40,000
		10. Repair & Maintenance	2,000
		11. Telephone charges	15,000
		12. Printing & Stationery	15,000
		13. 37th Annual Conference	3,10,000
Total Rs.	5,40,500	Total Rs.	5,40,500

36TH ANNUAL CONRERENCE, 2008
CONFERENCE SUB-COMMITTEES
RECEPTION & REGISTRATION

Krishna Bhattacharya
—*Convenor*
Alokesh Maity
Abu Sayed
Aditi Nag Chowdhuri
Ajoy Mukherjee
Dipankar Sen
Angsuman Sarkar
Nandini Jana
Anita Basu
Anita Mukherjee
Anuva Putatunda
Aparajita Sengupta
Aparna Banerjee
Arpan Chakraborty
Bandana Chakrabory
Bani Mukherjee
Jayanta Sen
Basabi Roychowdhuri
Bhabani Dutta
Bharati Bhattacharya
Bimal Kr. Mandal
Debalina Banerjee
Dilip Mahanti
Dipali Bhattacharya
Gautam Aditya
Ishita Chatterjee
Jahan Ara
Kabita Bairagi
Kakali Sinha Roy
Keshab Chandra Sinha
Krishna Gopalan
Kumkum Guha
Lalita Rai (Ahmed)
Madhumita Manna
Mahadeb Dey
Madhab Maity
Mahashweta Palaiandi
Shrijit Bhattacharya
Manasi De
Mandira Chakrabory
Mansoor Alam
Manu Addy
Jayanta Mondal
Narayan Ghorai
Natasa Dasgupta
Nilanjana Bagchi
Nirmal Pradhan
Papri Bhadra
Parimal Bhattacharya
Prabal Sengupta
Pritam Bandyopadhyay
Pritam Bhattacharya
Pubali Dhar
Rachana Chatterjee
Ranjit Dasgupta
Ratna Chaudhuri
Rita Sengupta
Rupa Banerjee
Sajal Maity
Sanjoy Poddor
Satadip Sarkar
Sebanti Bhattacharya
Seuli Jana
Sandip Patra
Sutapa Thakur
Sudip Ghosh
Sharmistha Mitra
Shrabani Roy
Shubhalakshmi Pandey
Sudipta Chakrabotry
Shukti Shubhra Pradhan
Shyamsundar Sahana
Sujit Bhowal
Sitanath Maji
Snigdha Banerjee
Soma Basu
Soma Ghosh
Subha Manna
Subhashis Karan
Subrata kar
Sucheta Bhattacharya
Sujata Nandi
Sujata Raha
Sujita Bhattacharya
Sumia Mukhopadhyaya
Sumitra Gupta
Sushama Sarkar Bhaduri
Sushanta Mukherjee
Swapna Basu
Swapna Sen
Swati Dutta
Tanwir Ahmed
Tapasree Das
Tarun Kumar Sarkar
Uma Chatterjee
Urmi Raychauchury
Dabir Ahmed
Madhuchanda Bhattacharya
Chaitali Chaudhuri
Sonia Chattopadhya
Shelley Datta

SUB-COMMITTEE

SEMINAR

Harendranath Bhattacharya —*Convenor*	Debosree Bhadra	Santanu Chakraborty
	Aneek Chatterjee	Premangshu Chakraborty
Mou Roy	Mou Mukherjee	Arun Kr. Roy
Baisali Sinha	Jayita Dutta	Sebanti Bhattacharya
Abdus Samad Gayen	Sumanta Mukhopadhyay	Sayantani Mukherjee

MINUTES & RECORD-KEEPING

Deboprasad Banerjee —*Convenor*	Biswanath Banerjee	Santanu Das
	Rajkumar Chakraborty	Shyamal Chakraborty
Prabal Mukherjee	Debnarayan Ray	

REFRESHMENT

Arunava Bose—*Convenor*	Arun Roy	Gorachand Mallick
Saradindu Chakraborty	Santi Bhattachaya	Debasish Sarkar
Anjan Saha	Dilip Chowdhuri	Supratim pal
Arijit Ray	Subrata Ghosh	Biplab Bhattacharya

HEALTH CHECK-UP

Debashis Maitra—*Convenor*	Sudipta Mallick	Piyush Tripathi
Arun Kr. Roy	Gargi Nag	Puruendu Achanya
Tarun Sarkar	Supratim Pal	Byapti
Bidyut Kr. Pal	Sandip Kr. Pandit	Sujit Kr. Ray
Samiran Ghosh	Anjan Saha	Swati Sen

BOOK EXHIBITION

Samir Chakraborti
—Convenor
Shyam Sundar Sahana
Abira Chakraborty
Arun Kr. Roy

Debnarayan Chakraborty
Biswajit Banerjee
Kumkum Guha
Anjan Dutta
Bijoy De

Nirmalendu Shakharu
Soma Basu
Asitabha Das
Tapasree Das

GENERAL ORGANISATION

Anis Akhtar
—Convenor
Ahana Bera
Anindya Sengupta
Ajit Kr. Gope
Jayati Ghatak
Prabir Dasgupta
Pranab Adhikari

Prabir Bhattacharya
Dilip Thakur
Saibal Gupta
Tapas Saha
Shyamal Kumar Chakraborty
Saikat Maitra
Swapan Bhattacharya
Debashish Maitra

Swapan Chakraborty
Tarun Bera
Ram Ch. Bhattacharya
Ranjit Karmakar
Premangshu Chakraborty
Barin Pramanik
Mriganka De-Sarkar
Saurabh Chakraborty

PRESS & PUBLICATIONS

Jayanta Chakraborty
—Convenor
Nandadulal Chakraborty
Prabir Dasgupta
Sipra Ghosh
Tapasree Das
Smriti Roy

Debaprasad Banerjee
Debapriya Bhattacharya
Joydeep Mukherjee
Anjan Saha
Anjan Dutta
Sachhidananda Banerjee
Arpita Bhattacharya

RESOLUTION SCREENING

Niloy Ray
—Convenor
Priti Kr. Roy
Deboprasad Banerjee
Syamal Basak

CULTURAL PROGRAMME


Nina Nandy—*Convenor*
Anindya Sengupta
Manidipa Das
Sravani Ray

Chhanda Basu Chowdhury
Amit Kr. Roychowdhury
Sanghita Sen
Rabin Manna

Azbar Alam
Biplab Chakraborty
Maujushree Mukhopadhyay
Goutam Dutta

With Best Compliments From :

SREEMA



BOOK CENTRE & PAPER CONCERN

Book, Paper & Office Stationary Goods Concern
& General Order Supplier
P.C. Bose Lane (Beside Sri Aurobindo Bhawan)
Krishnagar, Nadia
Contact No. : 03472-258373 (Resi)
Mobile : 9434550760

19/JKB/CH

With Best Compliments From :

SRI KALYAN PODDER




5/7 DAKSHINPARA ROAD
KOLKATA-28

5/SG/C

With Best Compliments From :

GHOSH DECORATOR



Beliaghata,
Kolkata

32/AKB/C

With Best Compliments From :



PARITOSH DATTA

MANUFACTURER OF ALL KINDS OF FURNITURE

GHOSH BABU PARA ROAD,
P.O.—TAKI,
DIST. 24 PGS. (N.)
KOLKATA
Moblie : 9732818490

28/SG/C

With Best Compliments From :

UMA DEY

CITY CENTRE

Durgapur-16

1/BB/C

With Best Compliments From :

N. N. GOSWAMI

2/19 Vidyasagar Avenue

Durgapur-5

3/BB/C

With Best Compliments From :

A WELL WISHER


CITY CENTRE

Durgapur-16

2/BB/C

With Best Compliments From :

SRI S. MEHRA



KOLKATA

4/SG/C



With Best Compliments From :

MAHA BODHI BOOK AGENCY

Publisher, Bookseller, Order Supplier, Money Changer

4A, Bankim Chatterjee Street
Kolkata-700073

Tel Fax : (033) 2241-9363/98310 77368
E-mail :
mahabodhibookagency@hotmail.com

27/TD/CH

With Best Compliments From :

TRIO ENTERPRISE



25, BHABANI DUTTA LANE
KOLKATA-73

25/NU/CH

With Best Compliments From :

TRIO ENTERPRISES



A House of Indian & Foreign Books
25, Bhabani Dutta Lane
Kolkata-22198749
Mobile : 9331030780
E-mail ; trïoenterprise@yahoo.co.in

28/HB/Ch

With Best Compliments From :


ADS INSTRUMENTS AND TECHNOLOGY

18, N. S. Road
Kolkata-700 001
Moblie : 9836079434

Dealers & Manufacturer of :
Scientific Instruments, Glass Wares & Chemicals

30/AB/CH





JADAVPUR UNIVERSITY

CALCUTTA 700 032 INDIA

Phone : 473-4044

List of

PUBLICATIONS

ENGLISH

1. W. B. Yeats : An Indian Approach (1968)—Dr. Naresh Guha — Rs. 15·00
2. Shakespeare : A Book of Homage (1965) —Edited Prof. S. C. Sengupta (out of print) — Rs. 10·00
3. The Idea of Revenge in Shakespeare (1969)—Dr. Jagannath Chakraborty — Rs. 20·00
4. Shakespeare's Treatment of his sources in the Comedies (1971)—Dr. D. C. Biswas — Rs. 20·00
5. Essays and Studies Vol. I (1968) —Edited Dr. S. C. Sengupta — Rs. 5·00
6. Essays and Studies Vol. II (1972) —Edited Dr. Sisir Chatterjee — Rs. 5·00
7. Essays and Studies Vol. III (1981) —Edited Dr. Jagannath Chakraborty — Rs. 50·00
8. Essays and Studies Vol. IV (1984) — The Romantic Tradition Edited Visvanath Chatterjee — Rs. 25·00
9. Essays and Studies Vol. V (1986) Shakespeare —Edited Debabrata Mukherjee — Rs. 25·00
10. Essays and Studies Vol. VI (1987) Edited Jasodhara Bagchi. — Rs. 50.00
11. Shakespeare Appreciations (1974) Prof. P. K. Guha — Rs. 20·00

BENGALI

1. Kadambari O Gadyasahitye Silpabichar (1968) —Dr. Hrishikesh Basu
   কাদম্বরী ও গদ্যসাহিত্যে শিল্পবিচার (১৯৬৮)
   —ডঃ হৃষীকেশ বসু — Rs. 15·00
2. Kalpanik Sangbadal (1963) —Dr. Madanmohan G wami
   কাল্পনিক সংবদল (১৯৬৩)
   —ডঃ মদনমোহন গোস্বামী — Rs. 5·00
3. Manur Barnashramdharma (1970) —Late Hirendra Nath Dutta
   মনুর বর্ণাশ্রমধর্ম (১৯৭০)- ৺হীরেন্দ্রনাথ দত্ত — Rs. 15·00
4. Asutosh Choudhurir Prabandha Sankalan (1973)—Ed. Debipada Bhattacharya
   আশুতোষ চৌধুরীর প্রবন্ধ সংকলন (১৯৭৩)
   —দেবীপদ ভট্টাচার্য — Rs. 8·00
5. Rabindra Kabye Alankar (1971) —Dr. Jatadhari Malakar
   রবীন্দ্রকাব্যে অলঙ্কার (১৯৭১)
   —ডঃ জটাধারী মালাকার — Rs. 20·00
6. Virgil : Eneed (1972) —Ed. Hrikesh Basu and Raber Antowane
   ভার্জিল : ঈনীড (১৯৭২)
   —সম্পাঃ হৃষীকেশ বসু ও রবের আন্তোঁয়ান — Rs. 20·00
7. Bilati Jatra Thekey Swadeshi Theatre (1972)—Ed. Subir Roychoudhury
   বিলাতি যাত্রা থেকে স্বদেশী থিয়েটার (১৯৭২)
   —সম্পাঃ সুবীর রায়চৌধুরী (out of print) — Rs. 4·50
8. Bangla Patrika : Vasa-O-Sahitya (1985) Chief Editor Sunil Kr. Chattopadhyay
   বাংলা পত্রিকা : ভাষা ও সাহিত্য (১৯৮৫)
   —প্রধান সম্পাদক ডঃ সুনীলকুমার চট্টোপাধ্যায় — Rs. 10·00
9. Bangla Bivagiya Patrika
   বাংলা বিভাগীয় পত্রিকা (১৯৮৫-৮৬)
   —সম্পাঃ পিনাকেশ সরকার — Rs. 10·00
10. Bangla Bivagiya Patrika
    বাংলা বিভাগীয় পত্রিকা (১৯৮৮-৮৯)
    সম্পাঃ সত্যবতী গিরি — Rs. 20·00
11. রোমান্টিক ইশ্‌তেহার
    —ডঃ নারায়ন মুখার্জী — Rs. 20.00

PHILOSOPHY

1. Research Bulletin of Philosophy (1984) Special issue —Editor Dr. S. K. Bhattacharya — Rs. 20·00

LIBRARY & INFORMATION SCIENCE

1. Librarian Organ of the Department of Library and Information Science, Jadavpur University, Vol. II, June 1985 — Rs. 30·00

SANSKRIT

1. Tattasandarbha by Srijiva Gosvamin (1967)—Edited Dr. Sitanath Goswami Rs. 6·00
2. Bhagabatsandarbha by Srijiva Gosvamin (1972)—Edited Dr. Chinmayi Chatterjee Rs. 10·00
3. Paramatmasandarbha by Srijiva Gosvamin (1972)—Edited Dr. Chinmayi Chatterjee Rs. 8·00
4. Sri Bhaktisandarbha by Srijiva Gosvamin (1980)—Edited Dr. Chinmayi Chatterjee Rs. 60·00
5. Studies in the evolution of Bhakti Cult. Part I (1976)—Dr. Chinmayi Chatterjee Rs. 15·00
6. Studies in the evolution of Bhakti Cult. Part II (1981)—Dr. Chinmayi Chatterjee Rs. 80·00
7. Amalananda (1971) —Himanshu Narayan Chakraborty Rs. 15·00
8. Paninidarsanam (1983) —Edited Dr. Chinmayi Chatterjee Rs. 50·00
9. Srikrishnasandarbha and its critical study (1986)—Edited Dr. Chinmayi Chatterjee Rs. 75·00
10. Sri-Pritisandarbha (1988) —Dr. Chinmayi Chatterjee Rs. 100·00
11. Anviksa—Ed. Dr. Ramaranjan Mukherjee
    Vol. I Part I (1966)
    Vol. II Part I (1967)
    Vol. II Part II (1967)
    Vol. III Part I (1968)
    Vol. III Part II & Vol. IV Part I (1969)
    Vol. IV Part II & Vol. V Part I (1970)
    *Vol. V Part II (1971)
    Vol. VI (1972)
    *Vol. VII (1976)
    Vol. VIII (1986)
    Rs. 5·00 each
    —Edited Dr. Rabisankar Banerjee
    *—Ed. Dr. Sitanath Goswami

HISTORY

1. Journal of History Vol. II (1981) —Edited Dr. S. K. Maity Rs. 20·00
2. Journal of History Vol. III (1982) —Edited Dr. S. K. Maity Rs. 20·00
3. Journal of History Vol. IV (1983) —Edited Sipra Sarkar, Nemai Sadhan Bose, Amalendu De, Chittabrata Palit, Pranjal Bhattacharyya,*Ratnalekha Roy Rs. 20·00
4. Journal of History Vol. V (1984) —Edited Sipra Sarkar Rs. 25.00
5. Journal of History Vol. VI (1985-86) Editor Amalendu De Rs. 25.00
6. Journal of History Vol. VII (1986-87) —Edited Dr. Chittabrata Palit Ps. 25·00

ECONOMICS

1. Economic Theory, Policy and Estimation (1972)—Dept. of Economics, J. U. Rs. 15·00
2. Land Reform in Eastern India (1978) Edited Dr. Manjula Bose Rs. 50·00

GEOLOGY

1. Contributions to the Geology of Singbhum (1966)—Prof. S. Deb Rs. 5·00
2. Syngenetic Manganese Formations of India (1966)—Dr. Supriya Roy Rs. 25·00
3. Geology and Ore mineralisation of the Singhbhum Copper-uranium belt, Eastern India (1984) —Sanjib Chandra Sarkar Rs· 220·00

MATHEMATICS

1. Ship Waves and Wave Resistance (1967) —Dr. R. N. Bhattacharya Rs. 35·00
2. Trailing Edge Lift Distribution of Small Aspect Ratio Wings (1979) —Prof. Pradip Niyogi Rs. 16·00
3. Some Aspects of Analytical Studies in Biological & Ecological System (1979) —B. Bhattacharya & D. K. Sinha Rs. 25·00
4. Some Aspects of Studies in Philosophy and Language of Mathematical Modelling (1981) —Edited J. Chakrabarty, P. K. Sen & D. K. Sinha Rs. 40·00
5. Some Fact of Ecodevelopment (1982) Edited Prof. D. K. Sinha Rs. 25·00
6. Studies in Biomedical Sciences and Engineering : Prospectives and Facets (1983) —Edited Prof. D. K. Sinha, Prof. S. Pal and Dr. A. B. Roy Rs. 30·00

ENGINEERING

1. Principles of Power Project Planning (1973)—Manoranjan Dutta Rs. 25·00

BOOKS ARE AVAILABLE AT THE JADAVPUR UNIVERSITY PRESS AND GRANTHALOK, NATIONAL COUNCIL OF EDUCATION, CALCUTTA 700 032

TERMS & CONDITIONS

1. All correspondence should be addressed to THE REGISTRAR, JADAVPUR UNIVERSITY, CALCUTTA 700 032, INDIA.
2. Prices in Rupee do not include cost of postage, freight, packing etc. which are to be borne by the customer. Books are sent to countries outside India by sea mail, postage free.
3. All cheques, drafts and money orders are payable to JADAVPUR UNIVERSITY, CALCUTTA.
4. Discount of 20% is allowed to Booksellers only. Discounts of 40% on the price (excluding V.P. and other charges) of each book are allowed provided the Booksellers, agreeable to act as Agents, buy not less than 10 copies of any publication at a time. Over-riding discount of 5% over and above 40% may be given to the Selling Agents/Distributors willing to sell more than 500 copies of any publication within a limited period of time.
5. All prices are subject to change without notice due to reasons beyond our control.

21/AS/Ch

